**সিরিয়াল নং 12: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 13: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল), সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 14: জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল), সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 15: জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল), ডিরেক্টরেট অফ কোয়ালিটি অ্যাসিওরেন্স (ন্যাভাল) :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 16: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল), ডিরেক্টরেট অফ কোয়ালিটি অ্যাসিওরেন্স (ন্যাভাল) :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 17: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 18: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল), ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**সিরিয়াল নং 19: জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল), ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২০'হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি হলে ১৩) বছর ও কর্মরত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের শারীরিক ও মানসিক সক্ষমতা থাকা দরকার। এজন্য ডাক্তারি পরীক্ষাও হবে ও সেই পরীক্ষায় সফল না হতে পারলে চাকরি পাবেন না। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস (টেকনিক্যাল) গ্রুপ 'বি' নন-গেজেটেড অফিসার পদে।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০১৯ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট) পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় কম্পিউটার বেসড পরীক্ষা হবে। ৫০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার। প্রথম পেপারে ২ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের পরীক্ষা। (২) জেনারেল অ্যাওয়ারনেস, ৫০ নম্বরের পরীক্ষা। (৩) জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল / জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল)), ১০০ নম্বরের পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে।

দ্বিতীয় পেপারে ২ ঘন্টার ৩০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল / ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল) শাখার। প্রশ্ন হবে ইঞ্জিনিয়ারিং শাখায় এইসব পরিচ্ছেদের : (ক) সিভিল — বিল্ডিং মেটেরিয়াল, সার্ভেয়িং, সয়েল মেকানিক, হাইড্রলিক্স, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং। (খ) স্ট্রাকচারাল — থিওরি অফ স্ট্রাকচার, কংক্রিট টেকনোলজি, আর.সি.সি. ডিজাইন, স্টিল ডিজাইন। (গ) ইলেক্ট্রিক্যাল — বেসিক ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল মেজারমেন্ট, সার্কিটল, এ.সি. ফান্ডামেন্টাল, মেজারমেন্ট অ্যান্ড মেজারিং ইন্সট্রুমেন্টস, ইলেক্ট্রিক্যাল মেশিন, সিনক্রোনাস মেশিন্স, ম্যাগনেটিক সার্কিট, জেনারেল ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন, পাওয়ার ফ্যাক্টর, বেসিক ইলেক্ট্রনিক্স অফ ইলেক্ট্রিক্যাল এনার্জি। (ঘ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং — মেশিন অ্যান্ড মেশিন ডিজাইন, থার্মাল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, বয়লার্স, এয়ার কম্প্রেশর, ফ্লুয়িড স্ট্যাটিক্স, হাইড্রোলিক টারবাইন, সেন্ট্রিফিউগ্যাল পাম্প, মেকানিক্স অ্যান্ড স্ট্রেস্থ অফ মেটেরিয়ালস ইত্যাদি। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

প্রথম পেপারে কোয়ালিফাইং নম্বর পেলে তবেই দ্বিতীয় পেপারের উত্তরপত্র দেখা হবে। প্রথম পেপার ও দ্বিতীয় পেপারে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। তারপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। পরীক্ষার ৩-৪ সপ্তাহ আগে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। না পেলে পরীক্ষার ১ সপ্তাহ আগে যে ঠিকানায় দরখাস্ত করবেন, সেখানে যোগাযোগ করবেন।

দরখাস্ত করবেন অনলাইনে,১২ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার আপলোড করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে বা, চালানের মাধ্যমে জমা দিতে পারবেন। অনলাইনে দিলে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে পারবেন ১৪ সেপ্টেম্বরের মধ্যে। অফলাইনে দিলে এস.বি.আই. চালান ডাউনলোড করে জমা দেবেন ১৬ সেপ্টেম্বরের মধ্যে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। একাধিক দরখাস্ত পাঠালে সব দরখাস্তই বাতিল হবে। তপশিলী, মহিলা, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না।

## রেলে ১৯ নার্স

১ পাতার পর

নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ৩ বছরের কোর্স পাশরা নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদন করতে পারেন। বি.এসসি. (নার্সিং) কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. পারিশ্রমিক মাসে ৫৭,৬৯৬ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ১২, ও.বি.সি. ২, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**ফার্মাসিস্ট গ্রেড-।।। :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে আবেদন করতে পারেন। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরা ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. পারিশ্রমিক মাসে ৪১,১৫৬ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

সব পদের বেলায় বয়স হতে হবে ৯-৮-২০১৯'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে চুক্তিতে। চুক্তির মেয়াদ থাকবে ৩১ মার্চ পর্যন্ত। বিজ্ঞপ্তি নং : No. GMA/Med/ Contract/Pt. VII., Date: 09-08-2019.

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। নার্সিং সুপারিন্টেন্ডেন্ট পদের বেলায় ইন্টারভিউ হবে ২ সেপ্টেম্বর, বেলা ১০টায় আর ফার্মাসিস্ট গ্রেড-।।। পদের ইন্টারভিউ হবে ৪ সেপ্টেম্বর, বেলা ১০টায়। প্রার্থীদের হাজির হতে হবে ৯টার মধ্যে। এই ঠিকানায় : কস্তুরবা গান্ধী হাসপাতাল, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্স, চিত্তরঞ্জন। দরখাস্ত কোথাও পাঠাতে হবে না। সরাসরি ইন্টারভিউ দিতে হাজির হবেন। তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের মূল ও প্রত্যয়িত নকল, এখনকার তোলা ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো। এছাড়াও অন্যান্য কোনো প্রমাণপত্র থাকলে নিয়ে যাবেন।

CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (C.I.M.S.T.)
APPROVED BY BSS, Govt. of India
নার্সিং / প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে
G.N.M, B.Sc. নার্সিং (INC Approved)
DMLT, ফিজিওথেরাপি, এক্স-রে, SCAN, MRI, Dip. in Radiology, ECG, O.T, Dialysis, Critical Care, D.Opt. (চক্ষু), CMS & ED (Allo), D.A.M.S (আয়ুর্বেদ), D.H.M.S (হোমিও), D.D.H (ডেন্টাল), CCDS। যোগ্যতা : MP / HS
Campus : 126B, Raja Rammohan Sarani, শিয়ালদহ পূরবী সিনেমার কাছে, Kol-9.
M : 9331062421, 7478139891 (10 am to 6 pm)
Website : www.cimst.org.in

B.Sc. নার্সিং
জয়েন্ট এন্ট্রান্সের প্রস্তুতি
JENPAUH & PARAMED
জয়েন্টের ক্লাসরুম কোচিং ও মকটেস্টে ভর্তি চলছে
প্রধান প্রশিক্ষক : Dr. K. Lahiri (M.D.)
& Departmental Faculty Team
Medi Guide
সেন্টার : কোলকাতা। কল্যাণী। গড়িয়া বারাসাত। রানাঘাট। কোন্নগর। বর্ধমান
Contact : 7044754108

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।

● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন
নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়ডাল্লা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিনঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়ার ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 34 ■ 24 August, 2019 ■ 7

## স্বাস্থ্য দফতরে ১৫০

১ পাতার পর

শিলিগুড়ি জোনের অধীন আলিপুরদুয়ারে ৬টি, কোচবিহারে ২টি, জলপাইগুড়ি ৮টি, দার্জিলিংয়ে ৬টি, কালিম্পংয়ে ২টি, উত্তর দিনাজপুরে ৩টি।

বহরমপুর জোনের অধীন দক্ষিণ দিনাজপুর জেলায় ৪টি, মালদায় ৪টি, মুর্শিদাবাদে ৪টি, পশ্চিম বর্ধমানে ৬টি, বীরভূমে ৫টি, রামপুরহাট এইচ.ডি.-তে ২টি।

পশ্চিম মেদিনীপুর জোনের পুরুলিয়া জেলায় ৩টি, পশ্চিম মেদিনীপুরে ৭টি, পূর্ব মেদিনীপুরে ৩টি, বাঁকুড়ায় ২টি, বিষ্ণুপুর এইচ.ডি. ২টি, নন্দীগ্রাম এইচ.ডি. ৫টি, ঝাড়গ্রাম ৪টি।

কলকাতা জোনের অধীন উত্তর ২৪ পরগনা জেলায় ৪টি, বসিরহাট এইচ.ডি.-তে ২টি, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৬টি, ডায়মন্ডহারবার এইচ.ডি. ২টি, হুগলিতে ৪টি, হাওড়ায় ৬টি, কলকাতায় ২৫টি, নদিয়ায় ২০টি, পূর্ব বর্ধমানে ৩টি।

প্রার্থী বাছাই হবে ড্রাইভিং টেস্টের মাধ্যমে। ৯৫ নম্বরের প্রার্থী বাছাই পরীক্ষায় নম্বর বিভাজন থাকবে এইভাবে : (ক) গাড়ি চালানোর পরীক্ষার জন্য ৪০ নম্বর, (খ) ভারি গাড়ি চালানোর লাইসেন্স থাকলে ৫ নম্বর, (গ) ড্রাইভিং অভিজ্ঞতার জন্য ৩০ নম্বর, (ঘ) ইন্টারভিউ ২০ নম্বর। এরপর মেধা তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম 'A-4' মাপের কাগজে প্রিন্ট করে নেবেন এই ওয়েবসাইট থেকে : www.wbhealth.gov.in তখন সঙ্গে দেবেন নিচের এইসব প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল : (১) পরিচয়পত্র হিসাবে প্যান কার্ড / পাশপোর্ট / ভোটার কার্ড / আধার কার্ড/ ই-আধার কার্ড, (২) ঠিকানার প্রমাণপত্র হিসাবে ভোটার কার্ড / আধার কার্ড/ই-আধার কার্ড / পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স / ইলেক্ট্রিক বিল / টেলিফোন বিল, (৩) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৪) বয়সের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (৫) ড্রাইভিং লাইসেন্সের প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, (৬) অভিজ্ঞতার সার্টিফিকেট। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Driver on Contractual Basis, Zone ...........'. দরখাস্ত হাতে-হাতে জমা দেবেন ২৪ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : State Health Transport Organisation, Swastha Paribahan Bhawan, 142, A.J.C. Bose Road, Kolkata - 700 014.

## ২০৩ ট্রেনি

১ পাতার পর

ইলেক্ট্রনিক্স ও ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং। কারা কোন শাখায় যোগ্য :

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ৩৭, ও.বি.সি. ২১, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬)।

মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মেকানিক্যাল শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৭৬টি (জেনাঃ৩৯, ও.বি.সি.২১, তঃজাঃ১১, তঃউঃজাঃ৫)।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স শাখার ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য।

শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

ওপরের সব ক্ষেত্রে এক্সিকিউটিভ বা, সুপারভাইজরি ক্যাডারে অন্তত ৩ বছরের পোস্ট কোয়ালিফিকেশন যোগ্যতা থাকা দরকার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্ট (কম্পিউটার বেসড টেস্ট)'এর মাধ্যমে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ আগস্ট পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.ntpccareers.net অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও রেজিস্ট্রেশন ফী বাবদ ৩০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দিতে হবে পে-ইন-স্লিপে এই অ্যাকাউন্ট নম্বরে : 30987919993, CAG branch, New Delhi (Branch Code 09996) on behalf of NTPC. টাকা জমা দেওয়ার সময় ব্যাঙ্ক থেকে Journal Number, Branch Code নিয়ে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সঠিকভাবে দিয়ে ও নির্দিষ্ট জায়গায় স্ক্যান করা ফটো আর সই সিলেক্ট করে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ডাকযোগে

১ পাতার পর

কোর্সের গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ৩০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। অনলাইনে ভরতি চলবে ৩১ আগস্ট পর্যন্ত। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://dde.buruniv.ac.in বিশ্ববিদ্যালয়ের ঠিকানা : বর্ধমান বিশ্ববিদ্যালয়, দূরশিক্ষা অধিকরণ, বিদ্যাসাগর ভবন, গোলাপবাগ, পূর্ব বর্ধমান-৭১৩১০৪। ফোন : 7001483139, 9832271308. এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এইসব স্টাডি সেন্টারে : (ক) শ্যামাপ্রসাদ কলেজ, কলকাতা, (খ) এন.বি.এন. শীল কলেজ, কোচবিহার, (গ) আনন্দ চন্দ্র কলেজ জলপাইগুড়ি, (ঘ) গঙ্গারামপুর কলেজ, দক্ষিণ দিনাজপুর, (ঙ) মালদা কলেজ, মালদা, (চ) রামপুরহাট কলেজ, বীরভূম, (ছ) বীরভূম মহাবিদ্যালয়, সিউড়ি, (ছ) সিউড়ি বিদ্যাসাগর কলেজ, সিউড়ি, (জ) বাঁকুড়া জেলা সারদামনি মহিলা মহাবিদ্যাপীঠ, বাঁকুড়া। (ঝ) তারকেশ্বর ডিগ্রি কলেজ, হুগলি, (ঞ) বারাসাত কলেজ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

JIS UNIVERSITY
Admission in B.Ed 2019
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700 109 | Ph: 86977 43361/86977 43362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

Admission Open For Session 2019-20
D.PHARMACY
PCM / PCB
Authorized by – BCPT
Approved by – (AICTE & PCI)
and Affiliated to WBSCT &
Vocational & Skill Development
চাকুরিতদের বিশেষ সুবিধা
BCI 7908152878

Are you looking for a platform of DESCRIPTIVE PRACTICE ?
Join
DESCRIPTIVE GUIDE
Only one such a platform for Descriptive Practice where you can practice on Daily TOpics . You will get feedback by seniors as well as Admins. To join Descriptive Guide contact EKDN Admin in Telegram by searching "@ekdn_admin"

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।**

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। টায়ালিন কোন জাতীয় খাদ্যকে পাচিত করে — শ্বেতসার।

২। হিমোগ্লোবিনের খনিজ উপাদান কী — লোহা।

৩। কোন প্রাণীর স্নায়ুতন্ত্র ফাঁপা — মানুষ।

৪। কোন প্রাণীর গমন অঙ্গ প্যাডেল — তিমি।

৫। লাল রক্তবিশিষ্ট কোন প্রাণীর



লোহিত রক্তকণিকা নেই — কেঁচো।

### পদার্থবিদ্যা

৬। কোন প্রক্রিয়ার সাহায্যে দু'টি আইসোটোপকে আলাদা করা হয় — ব্যাপন।

৭। দীপ্তি প্রবাহের একক কী — লুমেন।

৮। তড়িৎ বর্তনীর কোন তারে ফিউজ তার লাগানো হয় — হালকা তারে।

৯। হীরককে উজ্জ্বল লাগে কেন — আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

১০। 'সরল পেরিস্কোপ'এ আলোর কোন নীতিকে কাজে লাগানো হয় — প্রতিফলন।

### রসায়ন

১১। কোন অ্যাসিডকে কাঁচের পাত্রে রাখা যায় না — হাইড্রোফ্লুওরিক অ্যাসিড।

১২। কাঁদানে গ্যাসের রাসায়নিক নাম কী — ক্লোরোপিকরিন।

১। পোড়া চুনের রাসায়নিক নাম কী — ক্যালসিয়াম অক্সাইড।

১৪। 'হাইপো' কী — সোডিয়াম থায়োসালফেট।

১৫। প্ল্যাটিনাম, হাইড্রোজেনকে শুষে নিলে তাকে কী বলে — অন্তধৃতি।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। গুজরাতের চালুক্য বা, সোলাঙ্কি বংশের রাজধানী কী ছিল — আনজিল ওয়ারা বা, পাতান।

১৭। মৌর্য সাম্রাজ্যের পতনের পর কারা উত্তর পশ্চিম ভারতে অধিকার স্থাপন করেন — ব্যাকট্রিও গ্রিকরা।

১৮। কাকে 'দ্বিতীয় অশোক' বলা হয় — কণিষ্ককে।

১৯। কাশ্যপ মাতঙ্গ কে ছিলেন — বৌদ্ধ পণ্ডিত।

২০। গৌড় বা, বাংলাদেশের প্রথম ঐতিহাসিক ব্যক্তিত্ব কে ছিলেন — শশাঙ্ক।

২১। 'চণ্ডাশোক' কাকে বলা হয় — অশোক।

২২। 'এলাহী সম্বত' কে প্রচলন করেন — আকবর।

২৩। আকবরের সভার শ্রেষ্ঠ কবি কে ছিলেন — ফিজলী।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২৪। 'নাই ভয়' ও 'লাঠৌষধি' নামে ২টি প্রবন্ধ কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল — যুগান্তর।

২৫। ভারতের প্রথম মহিলা বিপ্লবী শহিদ কে — প্রীতিলতা ওয়াদ্দেদার।

২৬। 'হিন্দুস্তান গদর পার্টি'র প্রথম সভাপতি কে — সোহান সিং ভাখনা।

২৭। 'ইউনিভার্সিটি অ্যাক্ট' কোন ভাইসরয়ের আমলে চালু হয় — লর্ড কার্জন।

২৮। সুভাষচন্দ্র বসু কত সালে ছদ্মবেশে গৃহত্যাগ করেন — ১৯৪১ সালে।

২৯। বিদেশের মাটিতে কে প্রথম কমিউনিস্ট পার্টি তৈরি করেন — মানবেন্দ্রনাথ রায়।

৩০। 'সমৃদ্ধ ব্রিটিশ ভারত' বইটির লেখক কে — উইলিয়াম ডিগবি।

৩১। কাকে ব্রিটিশ পার্লামেন্টে ইমপিচ



করা হয়েছিল — ওয়ারেন হেস্টিংস।

৩২। প্রথম কোন ভারতীয় মহিলা কংগ্রেসের সভাপতি হন — সরোজিনী নাইডু।

## ভূগোল

### ভারতের ভূগোল

৩৩। ভারতের কোন এলাকা খনিজ অঞ্চল হিসাবে বিখ্যাত — ছোটনাগপুর মালভূমি।

৩৪। ভারতের খনিজ তেল প্রথম কোথায় আবিষ্কৃত হয় — ডিগবয়।

৩৫। ভারতের দক্ষিণতম অঞ্চল কোনটি — ইন্দিরা পয়েন্ট (নিকোবর দ্বীপপুঞ্জ)।

৩৬। কাশ্মীর উপত্যকার মধ্যে দিয়ে কোন নদী প্রবাহিত হয়েছে — ঝিলাম।

৩৭। 'মান্নার উপসাগর'টি কোথায় আছে — তামিলনাড়ুর পূর্বে।

### আন্তর্জাতিক ভূগোল

৩৭। কোন শহরকে 'উত্তরের ভেনিস' বলে — আমস্টারডাম।

৩৯। কোন নদী নিরক্ষরেখাকে দু'বার ছেদ করেছে — জাইরে (কঙ্গো)।

৪০। আমাজন অববাহিকার উপজাতিদের কী বলে — অ্যামেরেন্ডিয়ান।

৪১। 'আইনু' কাদের বলে — জাপানের আদিম অধিবাসীদের।

৪২। ইউরোপের শ্রেষ্ঠ শিল্প প্রধান দেশের নাম কী — ব্রিটেন।

৪৩। পাক-ই-স্তানের দু'টি গিরিপথের নাম কী কী — খাইবার ও বোলান।

৪৪। ভুটানের প্রধান অর্থকরী ফসলের নাম কী — বড় এলাচ।

### বিভিন্ন দেশের আন্তর্জাতিক সীমানা

| আন্তর্জাতিক সীমানা | যে যে দেশের মধ্যে অবস্থিত |
|---|---|
| র‍্যাডক্লিফ লাইন | ভারত ও পাক-ই-স্তান |
| ম্যাকমোহন লাইন | ভারত ও চিন |
| লাইন অফ কন্ট্রোল | ভারত ও পাক-ই-স্তান |
| লাইন অফ অ্যাকচুয়াল কন্ট্রোল | ভারত ও চিন |
| ডুরান্ড লাইন | পাক-ই-স্তান ও আফগান-ই-স্তান |
| ম্যাগিনট লাইন | ইতালি, জার্মানি ও ফ্রান্স |
| সাত এল আরব | ইরাক ও ইরান |
| ইংলিশ চ্যানেল | ইংল্যান্ড ও ফ্রান্স |
| মালাক্কা প্রণালী | মালয়েশিয়া ও সুমাত্রা |
| জিব্রাল্টার প্রণালী | ইউরোপ ও আফ্রিকা |

— চলবে

## অর্থনীতি

৪৫। 'ভারতী এয়ারটেল' সম্প্রতি ভারতের কোন রাজ্যের জন্য ই-গভর্ন্যান্স প্ল্যাটফর্ম 'স্টেট ওয়াইড এরিয়া নেটওয়ার্ক' (SWAN) চালু করল — উত্তর প্রদেশ।

৪৬। 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' সম্প্রতি রেপো রেট কত বেসিস পয়েন্ট কমালো — ৩৫ (এখন রেপো রেট ৫.৭৫% থেকে ৩৫ বেসিস পয়েন্ট কমিয়ে ৫.৪০% করল 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া')।

৪৭। অনলাইন প্রতারণা রুখতে, কোন ব্যাঙ্ক সম্প্রতি 'সেন্ট্রাল পেমেন্ট ফ্রড রেজিস্ট্রি' নামে এক বিভাগ গঠন করার সিদ্ধান্ত নিল — রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৪৮। কোন সংস্থা সম্প্রতি, তৃতীয় প্রজন্মের 'গ্র্যান্ড আই টেন নিয়োস' মডেলের গাড়ি প্রকাশ্যে আনল — হুন্ডাই মোটর ইন্ডিয়া লিমিটেড।

## রাষ্ট্রনীতি

৪৯। 'সর্বভারতীয় কৃত্যক আইন' কত সালে পাস হয় — ১৯৫১ সালে।

৫০। কেন্দ্রীয় সরকার কোন বিষয়ে নিরঙ্কুশ ক্ষমতা ভোগ করেন — কেন্দ্রীয় তালিকা।

৫১। রাজ্য সরকার কোন বিষয়ে নিরঙ্কুশ ক্ষমতা ভোগ করেন — রাজ্য তালিকা।

৫২। কে ভারত সরকারের প্রধান আইনি পরামর্শদাতা — অ্যাটর্নি জেনারেল।

৫৩। 'পরিকল্পনা কমিশন'এর প্রথম



চেয়ারম্যান কে ছিলেন — জওহরলাল নেহরু।

৫৪। কে ভারত সরকারের প্রথম আইন আধিকারিক — ভারতের অ্যাটর্নি জেনারেল।

৫৫। 'Fourth estate' কথার অর্থ কী — সংবাদপত্র (Press)।

৫৬। কে প্রথম বিরোধী দলনেতা হিসাবে লোকসভায় তার আসন পান — যশবন্তরাও বর্লবন্তরাও চবন।

## সাম্প্রতিক ঘটনা

৫৭। প্রাথমিক ভিত্তিতে, 'এক জাতি - এক রেশন কার্ড' প্রকল্প ভারতের কোন কোন রাজ্যে প্রয়োগ করা হয়েছে — গুজরাত, মহারাষ্ট্র, তেলেঙ্গানা ও আন্ধ্রা প্রদেশ।

৫৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'সেভ গ্রিন, স্টে ক্লিন' সচেতনতা ক্যাম্পেন চালু করল — পশ্চিমবঙ্গ।

৫৯। 'Tools and Weapons : The Promise and The Peril of the Digital Age' বইটির লেখক কারা — ব্র্যাড স্মিথ ও ক্যারল অ্যান ব্রাউনি।

৬০। 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ফরেস্ট ম্যানেজমেন্ট' (IIFM) ভারতের কোন শহরে আছে — ভোপাল।

৬১। ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ব্রেস্টফিডিং উইক'এর (WBW) থিম কী ছিল — এমপাওয়ার প্যারেন্টস, এনেবেল ব্রেস্টফিডিং।

৬২। কর্ণাটকের মুখ্যমন্ত্রী এখন কে — বুকানাকেরে সিদ্দালিঙ্গাপ্পা ইয়েদুরাপ্পা।

৬৩। কোন দেশ সম্প্রতি একদিনে ২০ কোটি গাছ লাগিয়ে নজির গড়ল — ইথিওপিয়া।

৬৪। নির্ভীক সাংবাদিকতা ও সততার কারণে, ২০১৯ সালে কে সাংবাদিকতা বিভাগে, ফিলিপিন্সের 'র‍্যামন ম্যাগসাইসাই' সম্মান পেলেন — এনডিটিভি (হিন্দি)-র সাংবাদিক রবীশ কুমার (এই পুরস্কারকে 'এশিয়ার নোবেল পুরস্কার'এ বলা হয়)।

৬৫। কেন্দ্রীয় মন্ত্রিসভা সম্প্রতি, সুপ্রিম কোর্টের বিচারপতির সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে কত করেছেন — ৩৩।

৬৬। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী প্রহ্লাদ সিং প্যাটেল সম্প্রতি, ভারতের কোন শহরে 'মোবাইল লাইব্রেরি বাস' পরিষেবা চালু করলেন — নয়াদিল্লি (নয়াদিল্লিতে 'দিল্লি পাব্লিক লাইব্রেরি'র 'ঘর ঘর দস্তক ঘর ঘর পুস্তক' প্রকল্পের আওতায় এই পরিষেবা চালু হয়েছে)।

৬৭। 'ডিপার্টমেন্ট ফর প্রোমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড'এর (DPIIT) সেক্রেটারি এখন কে — গুরুপ্রসাদ মহাপাত্র।

৬৮। বীরাপ্পা গঙ্গইয়া সিদ্ধার্থ হেগড়ে (৬০ বছর), যিনি সম্প্রতি মারা গেলেন, তিনি কোন সংস্থার কর্ণধার ছিলেন — ক্যাফে কফি ডে।

৬৯। 'ইনফোসিস' সম্প্রতি কোন দেশের জন্য 'সাইবার ডিফেন্স সেন্টার' চালু করল — রোমানিয়া।

৭০। 'এস্টিমেটস কমিটি'র চেয়ারম্যান এখন কে — গিরিশ ব্যাপট।

৭১। 'জাতীয় পর্বত আরোহণ দিবস' কবে পালিত হয় — ১ আগস্ট।

৭২। ২০১৯ সালে কে 'মিস ডাফ ওয়ার্ল্ড'এর সম্মান পেলেন — উত্তর প্রদেশের বিদিশা বালন।

৭৩। মার্কিন যুক্তরাষ্ট্র সম্প্রতি কোন দেশকে 'কারেন্সি ম্যানিপুলেটর' হিসাবে ঘোষণা করল — চিন।

৭৪। ২০১৯ সালে ভারতের কোন রাজ্যের কোন শহরে 'ইন্টারন্যাশনাল আর্মি স্কাউট মাস্টার্স কম্পিটিশন' অনুষ্ঠিত হয়েছে — রাজস্থানের জয়সলমীর।

৭৫। কে সম্প্রতি ফ্লাইবোর্ড এয়ারের সাহায্যে 'ইংলিশ চ্যানেল' পার হলেন



— ফ্রেঞ্চ ইনভেন্টর ফ্র্যাঙ্কি জাপাটা।

৭৬। কোন শহরে সম্প্রতি ভারতের প্রথম থ্রি-ডি ট্র্যাফিক সিগন্যাল চালু হল — মোহালি।

৭৭। 'ললিত কলা আকাদেমি'র ৬৫তম প্রতিষ্ঠা দিবস সম্প্রতি ভারতের কোন শহরে অনুষ্ঠিত হল — নয়াদিল্লি (১৯৫৪ সালের ৫ আগস্ট এটি প্রতিষ্ঠিত হয়)।

৭৮। ২০২০ সালে ভারতের কোন রাজ্যে 'জাতীয় বিজ্ঞান চলচ্চিত্র উৎসব' অনুষ্ঠিত হবে — ত্রিপুরা।

৭৯। 'বিশ্ব রক্তদাতা দিবস' কবে পালিত হয় — ১৪ জুন।

৮০। ২০১৯ সালে কে যুক্তরাজ্যের 'হাউস অফ লর্ডস'এ 'ইন্ডিয়ান উওমেন অফ ইনফ্লুয়েন্স অ্যাওয়ার্ড' পেলেন — প্রিয় প্রিয়দর্শিনী জৈন।

৮১। 'অ্যারো-৩' ক্ষেপণাস্ত্র কোন দেশ উৎক্ষেপণ করেছে — ইজরায়েল।

## খেলাধূলা

৮২। 'কমনওয়েলথ টেবল টেনিস ফেডারেশন'এর (CTTF) চেয়ারম্যান এখন কে — বিবেক কোহলি।

৮৩। ২০১৯ সালে কারা 'মোহন বাগান রত্ন' পেলেন — হকি খেলোয়াড় কেশব দত্ত ও প্রাক্তন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক প্রসুন বন্দ্যোপাধ্যায়।

৮৪। কে সম্প্রতি বিশ্বের প্রথম ক্রিকেটার হিসাবে, টোয়েন্টি-২০ ফরম্যাটে ১,০০০ রান ও ১০০ উইকেটের মালিক হলেন — অস্ট্রেলিয়ার মহিলা ক্রিকেট দলের অলরাউন্ডার এলিজে আলেকজান্দ্রা পেরি (ইংল্যান্ডের বিরুদ্ধে অ্যাসেজ সফরে দ্বিতীয় টোয়েন্টি-২০ ম্যাচে এই কৃতিত্ব অর্জন করেন তিনি)।

৮৫। ২০১৯ সালে কে 'তুর দ্য ফ্রাঁসে' চ্যাম্পিয়ন হলেন — কলম্বিয়ান সাইক্লিস্ট এগান আর্লে বার্নাল গোমেজ।

৮৬। ২০১৯ সালে কে, দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত, 'বিশ্ব সাঁতার চ্যাম্পিয়নশিপ'এ ২০০ মিটার বাটারফ্লাইয়ে, ১০ বছর ধরে অক্ষত থাকা কিংবদন্তি মার্কিন সাঁতারু মাইকেল



ফেল্পসের নজির ভাঙলেন — হাঙ্গেরির তরুণ সাঁতারু ক্রিস্টফ মিলাক (মিলাকের টাইমিং ১ মিনিট ৫০.৭৩ সেকেন্ড। ২০০৯ সালে ফেল্পসের টাইমিং ছিল ১ মিনিট ৫১.৫১ সেকেন্ড)।

৮৭। ২০১৯ সালে নয়াদিল্লির কর্নি সিংহ রেঞ্জে, 'সর্দার সজ্জন সিংহ মেমোরিয়াল মাস্টার্স শুটিং'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে কে সোনার পদক পেলেন — পঞ্জাবের অঞ্জুম মুদগিল।

৮৮। ২০১৯ সালে ব্যাঙ্ককে অনুষ্ঠিত, 'থাইল্যান্ড ওপন আন্তর্জাতিক বক্সিং প্রতিযোগিতা'য় ৭৫ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের আশিস কুমার (কোরিয়ার কিম জিনজিকে ৫-০ ব্যবধানে হারিয়ে)।

৮৯। কোন পাক-ই-স্তানি ক্রিকেটার সম্প্রতি টেস্ট ক্রিকেট থেকে অবসর নিলেন — মহম্মদ আমির।

৯০। সাত্যিকসাইরাজ রানকিরেড্ডি কোন খেলার সঙ্গে যুক্ত — ব্যাডমিন্টন।

৯১। ঐশ্বর্য প্রতাপ সিং তোমর কোন খেলার সঙ্গে যুক্ত — শুটিং।

৯২। ২০১৯ সালে কোন ফুটবলার, স্পেনের বিখ্যাত ক্রীড়া সংবাদপত্র 'মার্কা লেজেন্ড'এর ঐতিহ্যবাহী পুরস্কার পেলেন — পর্তুগিজ মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ডস স্যান্তোস আভেরিও।

৯৩। ২০১৯ সালে কোন দেশ, ছেলে ও মেয়েদুই বিভাগেই কবাডির বিশ্বকাপ জিতল — ভারত (ছেলেরা ইরাককে হারিয়েছে ৫৭-২৭ ব্যবধানে ও মেয়েরা তাইওয়ানকে হারিয়েছে ৪৭-২৯ ব্যবধানে)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

পরিচালিত 'সেন্ট্রাল টিচার্স এলিজিবিলিটি টেস্ট (CTET)' পরীক্ষায় সফলরাই একমাত্র এইসব স্কুলে শিক্ষক -শিক্ষিকা পদে চাকরির জন্য আবেদন করার যোগ্য। এখন 'CTET- 2019' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কারা আবেদনের যোগ্য :

**প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত (I-V) :** নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে। (২) মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এন.সি.টি.ই.'র ২০০২ সালের নিয়মানুযায়ী এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.)-কোর্স পাশ হলে। (৩) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ডিগ্রি (বি.এল.এড.) কোর্স পাশ হলে কিংবা অ্যাপিয়ার্ড হয়ে থাকলে, (৪) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর ২ বছরের কোর্স পাশ হলে কিংবা অ্যাপিয়ার্ড হয়ে থাকলে, (৫) যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ বা, পরীক্ষার্থী হলে।

**ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত (VI-VIII) :** নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য : (১) ডিগ্রি কোর্স পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ বা, এবছরের ফাইনাল পরীক্ষার্থী হলে। (২) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে। (৩) মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে। (৪) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের এলিমেন্টারি এডুকেশনের ডিগ্রি (বি.এল.এড.) কোর্স পাশ হলে। (৫) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এ. / বি.এসসি. এড. বা, বি.এ. (এড.) / বি.এসসি. (এড.) কোর্স পাশ বা, পরীক্ষার্থী হলে। (৬) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ বা, পরীক্ষার্থী হলে।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এবছরের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত থাকতে হবে।

ওপরের সব ক্ষেত্রেই টিচার এডুকেশনের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে এন.সি.টি.ই.'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে। তবে এডুকেশনের ডিপ্লোমা (স্পেশাল এডুকেশন) ও বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.)'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে।

প্রার্থী বাছাই করবে সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন। 'Central Teacher Eligibility Test (CTET)' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৮ ডিসেম্বর, কলকাতা সহ- সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে। প্রথম পেপারে আড়াই ঘন্টার পরীক্ষা হবে বেলা সাড়ে ৯টা থেকে ১২টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের আড়াই ঘন্টার পরীক্ষা হবে ২ টো থেকে সাড়ে ৪ টে পর্যন্ত। দুই পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং নেই। যাঁরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ ও ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত — দুই ক্ষেত্রেই পরীক্ষা দেবেন, তাঁদের বেলায় দু'টি পেপারেই পরীক্ষা দিতে হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন ওয়েবসাইট থেকে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন নভেম্বরের তৃতীয় সপ্তাহ থেকে।

প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রণমেন্টাল স্টাডিজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, / (৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন।

ন্যূনতম ৬০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ সেপ্টেম্বরপর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ctet.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০-১০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩-৩০ কেবির মধ্যে) জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটোর মাপ হতে হবে ৩.৫×৪.৫ সেমি আর সিগনেচারের মাপ হতে হবে ৩.৫×১.৫ সেমির মধ্যে।

প্রথমে এই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সঠিকভাবে দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় ৩৫০) টাকার আর পেপার -। ও পেপার -।। একই সঙ্গে দিলে ১,২০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৬০০) টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে ২৩ সেপ্টেম্বরের মধ্যে। এছাড়াও সিন্ডিকেট ব্যাঙ্ক ও কানাড়া ব্যাঙ্কের ই-চালানে জমা দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
এবার আরো বেশি পাতা
আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
বিনামূল্যে ৩২ পাতার রেলের গ্রুপ-ডি'র প্রশ্নোত্তর
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন




আগস্ট সংখ্যায় থাকছে
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার ৪ সেট প্রশ্নোত্তর
- পি.এস.সি'র ক্লার্কশিপ পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- পি.এস.সি'র মিসলেনিয়াস পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- ICDS'এর সুপারভাইজার পরীক্ষার ৪ সেট প্রশ্নোত্তর
- রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
- CPWD'র জুনি. ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

NSO INDIA
Data for Development

ভারত সরকার
পরিসংখ্যান ও কার্যক্রম রূপায়ণ মন্ত্রক
জাতীয় পরিসংখ্যান কার্যালয়

জাতীয় পরিসংখ্যান কার্যালয় (এনএসও)
(যেটি আগে এনএসএসও ছিল)



নরেন্দ্র মোদী
প্রধানমন্ত্রী

এনএসও নিরীক্ষায় যোগদান করে দেশের বিকাশে অবদান রাখুন

জনকল্যাণ যোজনা বানাতে ও লাগু করতে সরকার বিভিন্ন তথ্যের সহায়তা নেয়। উন্নয়নমূলক কাজের ওপর নিরীক্ষার মাধ্যমে এনএসও তথ্য সংগ্রহ করে। বর্তমান নিরীক্ষার জন্য নিম্নলিখিত কাজের ওপর এনএসও তথ্য সংগ্রহ করছে :

- কৃষক পরিবারের অবস্থা, ভূমি ও পশুসম্পদ ইত্যাদি
- ঋণ ও বিনিয়োগ



এনএসও-র সংগৃহীত সব তথ্য গোপন রাখা হবে ও এই তথ্যাদি শুধুমাত্র পরিকল্পনা, নীতি নির্ধারণ ও গবেষণার কাজে লাগানো হবে।

এনএসও নিয়োজিত আধিকারিকেরা নির্ধারিত গৃহস্থের বাড়িতে যাবে ও তথ্য সংগ্রহ করবে।
জাতির উন্নয়নে অবদান রাখতে ওই আধিকারিকদের সঠিক ও সম্পূর্ণ তথ্য জানিয়ে সহায়তা করতে অনুরোধ জানানো হচ্ছে।

www.mospi.gov.in GoIStats GoIStats GoIStats

davp 39102/13/0004/1920

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com · Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ — একনজরে

গত সপ্তাহের পর

**৭ আগস্ট :** বিশ্বের বৃহত্তম টিয়ার জীবাশ্মের খোঁজ মিলল নিউজিল্যান্ডের সেন্ট্রাল ওটাগোর সেন্ট বাথান্সের কাছে। এটির ওজন আনুমানিক ৭ কেজি। লম্বায় প্রায় ৩ ফুট ২ ইঞ্চির কাছাকাছি। পক্ষী বিশারদরা এর নাম দিয়েছেন 'হেরাক্লেস ইনএক্সপেকটেটাস'। বিশেষজ্ঞদের দারণা, এই জীবাশ্মটির বয়স ১ কোটি ৯০ লাখ বছরের মতো।

☐ বলিউডের প্রবীণ পরিচালক তথা অভিনেতা হৃতিক রোশনের ঠাকুরদা জয় ওম প্রকাশ (৯৩ বছর) মারা গেলেন।

☐ বর্জ্য নিয়ে কাজের জন্য, 'জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি'র (জাইকা) তরফ থেকে 'মডেল সিটি' ঘোষণা করা হল উত্তরপাড়াকে। উত্তরপাড়া পুরনিগমের তৈরি 'বসুধা' সার বাণিজ্যিকভাবে বিক্রি করা হচ্ছে। এই প্রকল্পের জন্যই 'মডেল সিটি'র শিরোপা পেল উত্তরপাড়া।

☐ অনলাইন প্রতারণা রুখতে, 'সেন্ট্রাল পেমেন্ট ফ্রড রেজিস্ট্রি' নামে এক বিভাগ গঠন করার সিদ্ধান্ত নিল 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'।

☐ চলতি বছর এই নিয়ে চতুর্থবার রেপো রেট কমালো 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'। এবার রেপো রেট কমল ৩৫ বেসিস পয়েন্ট, অর্থাৎ ০.৩৫%। এদিন রেপো রেট ৫.৭৫% থেকে ৩৫ বেসিস পয়েন্ট কমিয়ে ৫.৪০% করল 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'।

☐ ১০ সেপ্টেম্বর থেকে ২১ সেপ্টেম্বর, রাশিয়ার ওরেনবার্গের মাটিতে হতে চলেছে 'সেন্তর-২০১৯' নামে ভারত-পাক-ই-স্তান যৌথ সামরিক মহড়া, যৌথ কুচকাওয়াজ ও যৌথ নকল যুদ্ধ।

☐ ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের পর, পশ্চিমবঙ্গ থেকে জাতীয় কংগ্রেসের ওয়ার্কিং কমিটির সদস্য হলেন অধীররঞ্জন চৌধুরি।

☐ ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তি ছিন্ন করার সিদ্ধান্ত নিল পাক-ই-স্তান। সেইসঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার সিদ্ধান্তও নিয়েছে তারা। ইসলামাবাদে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার অজয় বিসারিয়াকেও বহিষ্কার করেছে পাক সরকার।

☐ এবার থেকে ফের ভিসা ছাড়াই তুরস্ক ও রাশিয়ার মধ্যে যাতায়াত করা যাবে। এর আগেও তুরস্ক ও রাশিয়ার মধ্যে ফ্রি ভিসা পরিষেবা চালু ছিল। ২০১০ সালের ১২ মে দু'দেশের মধ্যে ভিসা মকুবের একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যা চলতি বছরের ৭ আগস্ট থেকে পুনঃপ্রণয়ন করা হল।

☐ 'বেল্ট অ্যান্ড রোড চিনা হুনান ইন্টারন্যাশনাল চেস টুর্নামেন্ট' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার কলকাতার সূর্যশেখর গাঙ্গুলি।

☐ 'ফোর্বস' পত্রিকার বিচারে, বিশ্বের সেরা ১৫ জন সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত মহিলা খেলোয়াড়ের তালিকায় একমাত্র ভারতীয় হিসাবে স্থান পেলেন ভারতের ব্যাডমিন্টন তারকা পুসারলা ভেঙ্কটা সিন্ধু। ২০১৯ সালে ৫৫ লাখ ডলার আয় করে, তালিকায় ১৩ নম্বরে জায়গা করে নিলেন তিনি।

☐ ফুটবল থেকে অবসর নিলেন উরুগুয়ের জাতীয় দলের তারকা দিয়েগো ফোরলান।

☐ মেয়েদের বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ভারতীয় দলে সুযোগ পেলেন মেরি কম ও লাভলিনা বোরগোহেইন।

**৮ আগস্ট :** 'কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব' (KIFF) কমিটির নতুন চেয়ারম্যান হলেন চলচ্চিত্র পরিচালক রাজ চক্রবর্তী।



দেশের সর্বোচ্চ নাগরিক সম্মান 'ভারতরত্ন' পেলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়।

☐ 'বিক্রম সারাভাই সাংবাদিকতা পুরস্কার' দেওয়ার কথা ঘোষণা করল 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন' (ISRO)।

☐ কাশ্মীর নিয়ে চলমান উত্তেজনার মধ্যেই দিল্লিগামী 'সমঝোতা এক্সপ্রেস' স্থায়ীভাবে বন্ধ করে দিল ইসলামাবাদ। প্রসঙ্গত উল্লেখ্য, ভারত ও পাক-ই-স্তানের মধ্যে সংযোগকারী ট্রেন ছিল 'সমঝোতা এক্সপ্রেস'। ১৯৭৬ সালে 'সিমলা চুক্তি'র পর শান্তি ও বন্ধুত্বের প্রতীক হিসাবে 'ইন্ডিয়ান রেলওয়ে' ও 'পাক-ই-স্তান রেলওয়ে'র যৌথ প্রকল্পের আওতায়, অমৃতসর ও লাহোরের মধ্যে এই ট্রেন চালু হয়।

☐ আত্মসমর্পণকারী মাওবাদীদের জন্য স্কুল চালু করল ছত্তিশগড়ের নারায়ণপুর জেলার পুলিশ প্রশাসন।

☐ ভারতীয় চলচ্চিত্র নিষিদ্ধ করল পাক-ই-স্তান।

☐ কাশ্মীর নিয়ে ভারত-পাক-ই-স্তান কূটনৈতিক উত্তেজনার মাঝেই পাক-ই-স্তানকে বিরাট সুবিধা দিয়ে দিল মার্কিন যুক্তরাষ্ট্র। আগের বছর ১০ মে, পাক-ই-স্তানি কূটনীতিবিদদের ওপর ভ্রমণ সংক্রান্ত নিষেধাজ্ঞা আরোপ করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র। তার পরদিনই পাক-ই-স্তানও মার্কিন কূটনীতিবিদদের ওপর পালটা নিষেধাজ্ঞা আরোপ করেছিল। এদিন ২ দেশই একসঙ্গে পারস্পরিক নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নিল।

☐ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন দক্ষিণ আফ্রিকার ওপনার হাশিম মহম্মদ আমলা।

☞ এরপর ১১ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

## ৬৬তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার

বহু প্রতীক্ষার পর, ৬৬তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার'এর বিচারক মণ্ডলী পুরস্কার প্রাপকদের তালিকা কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রী প্রকাশ জাভড়েকরের হাতে তুলে দেন। ফিচার ফিল্মের মধ্যে মোট ৩১টি বিভাগ ও ৪১৯টি চলচ্চিত্র ছিল। ৪৫ দিন চলচ্চিত্র প্রদর্শনের পর বিচারক মণ্ডলী চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন। নন ফিচার ফিল্মের ক্ষেত্রে ২৫৩টি চলচ্চিত্রের মধ্যে ২৩টি বিভাগে পুরস্কার দেওয়া হয়েছে।












### ফিচার ফিল্ম

☐ **চলচ্চিত্র :** হেল্লারো (গুজরাতি)।

☐ **পরিচালক :** আদিত্য ধার (উরি : দ্য সার্জিক্যাল স্ট্রাইক)।

☐ **অভিনেতা :** ভিকি কৌশল (উরি : দ্য সার্জিক্যাল স্ট্রাইক) ও আয়ুষ্মান খুরানা (অন্ধাধুন)।

☐ **অভিনেত্রী :** কীর্তি সুরেশ (মহানতি, তেলুগু চলচ্চিত্র)।

☐ **সহ অভিনেতা :** স্বনান্দ কিরকিরে (চুম্বক, মারাঠি চলচ্চিত্র)।

☐ **সহ অভিনেত্রী :** সুরেখা সিক্রি (বধাই হো)।

☐ **বিনোদনধর্মী চলচ্চিত্র :** বধাই হো।

☐ **হিন্দি চলচ্চিত্র :** অন্ধাধুন।

☐ **অরিজিনাল স্ক্রিনপ্লে :** চি লা সো (রাহুল রভীন্দ্রন)।

☐ **ডেবিউ চলচ্চিত্র :** নাল (মারাঠি)।

☐ **অ্যাডাপ্টেড স্ক্রিনপ্লে :** অন্ধাধুন।

☐ **সংলাপ :** তারিখ।

☐ **সমাজ সচেতনতামূলক চলচ্চিত্র :** প্যাডম্যান।

☐ **সঙ্গীত পরিচালক :** সঞ্জয়লীলা বনশালি (পদ্মাবত)।

☐ **আবহসঙ্গীত :** উরি : দ্য সার্জিক্যাল স্ট্রাইক (শাশ্বত সচদেব)।

☐ **গায়িকা :** বিন্দু মালিনী (মায়াবি মনাবে — নথিছারামি)

☐ **গায়ক :** অরিজিৎ সিং (বিনতে দিল — পদ্মাবত)।

☐ **লিরিক্স :** 'মায়াবি মনাবে....' (নথিছারামি)।

☐ **সিনেমাটোগ্রাফি :** ওলু (এমজে রাধাকৃষ্ণণ)।

☐ **অ্যাকশন ডিরেকশন :** কেজিএফ।

☐ **কোরিওগ্রাফি :** ঘুমর (পদ্মাবত)।

☐ **কোরিওগ্রাফার :** কৃতী মহেশ ও জ্যোতি তোমর (ঘুমর — পদ্মাবত)।

☐ **কস্টিউম ডিজাইন :** মহানতি।

☐ **মালয়লম চলচ্চিত্র :** সুদানি ফ্রম নাইজেরিয়া।

☐ **মারাঠি চলচ্চিত্র :** ভোঙ্গা।

☐ **উর্দু চলচ্চিত্র :** হামিদ।

☐ **তামিল চলচ্চিত্র :** বারাম।

☐ **রাজস্থানি চলচ্চিত্র :** টার্টেল।

☐ **তেলুগু চলচ্চিত্র :** মহানতি।

☐ **অসমীয়া চলচ্চিত্র :** বুলবুল ক্যান সিং।

☐ **পঞ্জাবি চলচ্চিত্র :** হরজিতা।

☐ **বাংলা চলচ্চিত্র :** এক যে ছিল রাজা।

☐ **গারো চলচ্চিত্র :** মামা।

☐ **কন্নড় চলচ্চিত্র :** নথিছারামি।

☐ **কোঙ্কনি চলচ্চিত্র :** আমোরি।

☐ **গুজরাতি চলচ্চিত্র :** রেভা।

☐ **শেরদুকপান চলচ্চিত্র :** মিসিং।

☐ **পঞ্চঙ্গ চলচ্চিত্র :** ইন দ্য ল্যান্ড অফ পয়জনাস উওমেন।

☐ **পরিবেশ সচেতনতামূলক চলচ্চিত্র :** পাণি।

☐ **শিশু চলচ্চিত্র :** সরকারি হিরিয়া প্রথমিকা সালে কাসারাগোদু।

☐ **বিশেষ জুরি সম্মান :** হেল্লারে (গুজরাতি) ও কেদারা (বাংলা)।

### নন-ফিচার ফিল্ম

☐ **পারিবারিক মূল্যবোধের ওপর চলচ্চিত্র :** চলো যাতে হ্যায়।

☐ **শর্ট ফিকশন চলচ্চিত্র :** কাশব।

☐ **সামাজিক ন্যায়বিচারমূলক চলচ্চিত্র :** হোয়াই মি (একান্ত)।

☐ **তদন্তমূলক চলচ্চিত্র :** আমোলি।

☐ **ক্রীড়ামূলক চলচ্চিত্র :** সুইমিং থ্রো দ্য ডার্কনেস।

☐ **শিক্ষামূলক চলচ্চিত্র :** সরলা বিড়লা।

☐ **পরিবেশমূলক চলচ্চিত্র :** দ্য ওয়ার্ল্ডস মোস্ট ফেমাস টাইগার।

☐ **সমাজ সচেতনতামূলক চলচ্চিত্র :** তালাতে কুনজি।

☐ **প্রচারমূলক চলচ্চিত্র :** রেডিসকভারিং জাহান্নাম।

☐ **বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত চলচ্চিত্র :** জিডি নাইডু : দ্য এডিসন অফ ইন্ডিয়া।

☐ **পরিচালকের সেরা ডেবিউ চলচ্চিত্র :** ফেলুদা : ফিফটি ইয়ার্স অফ রে'জ ডিটেক্টিভ।

☐ **নন-ফিচার চলচ্চিত্র :** সানরাইস, দ্য সিক্রেট লাইফ অফ ফ্রগস।

☐ **চলচ্চিত্র বান্ধব রাজ্য :** উত্তরাখণ্ড।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## প্রতিবিম্ব
### সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১০ পাতার পর

□ ইংল্যান্ডের ঘরোয়া ক্রিকেটে ভাইটালিটি টোয়েন্টি-২০ ব্লাস্টে, বার্মিংহ্যাম বিয়ার্সের বিরুদ্ধে লিস্টারশায়ারের হয়ে, ৪ ওভারে ১৮ রান খরচ করে ৭ উইকেট দখল করে নজির গড়লেন দক্ষিণ আফ্রিকার কলিন নিয়েল আকেরম্যান। এখনও পর্যন্ত টোয়েন্টি-২০ ইতিহাসে এটাই সেরা বোলিং। তিনি ভেঙে দিলেন ২০১১ সালে সমারসেটের আরুল সুপিয়ার ৩.৪ ওভারে ৫ রান দিয়ে ৬ উইকেট নেওয়ার নজির।

□ তীব্র কোন্দলের জন্য, 'ভারতীয় তিরন্দাজি সংস্থা'কে নির্বাসিত করল 'বিশ্ব তিরন্দাজি সংস্থা'।

**৯ আগস্ট** : 'সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন'এর (CBI) প্রসিকিউশন ডিরেক্টর হলেন সুধা রানি রেলাঙ্গি।



গৌতম গম্ভীরকে পিছনে ফেলে, সর্বকনিষ্ঠ (১৯ বছর) ভারতীয় ব্যাটসম্যান হিসাবে প্রথম শ্রেণির ক্রিকেটে দ্বিশতরান করলেন শুভমান গিল। ওয়েস্ট ইন্ডিজ 'এ'দলের বিরুদ্ধে তৃতীয় বেসরকারি টেস্টের দ্বিতীয় ইনিংসে ২৫০ বলে অপরাজিত ২০৪ রানের দুরন্ত ইনিংস খেললেন তিনি। ২০০২ সালে ভারতীয় বোর্ড প্রেসিডেন্ট একাদশের হয়ে জিম্বাবোয়ের বিরুদ্ধে ২১৮ রান করেছিলেন ২০ বছর বয়সি গৌতম গম্ভীর।

□ 'সমঝোতা এক্সপ্রেস'এর পর, ভারতের সঙ্গে সংযোগ রক্ষাকারী 'থর এক্সপ্রেস'ও বাতিল করে দিল পাক-ই-স্তান সরকার।

□ দিল্লিতে চালু হল ভারতের প্রথম ক্লিনিক্যাল ইকোটক্সিকোলজি সুবিধা।

□ একদিনে ২২ কোটি গাছ লাগিয়ে বিশ্বনজির গড়ল উত্তর প্রদেশ সরকার।

□ ইংল্যান্ডে দি হান্ড্রেড ক্রিকেট টুর্নামেন্টের জন্য লর্ডসের দলের কোচ হলেন শেন ওয়ার্ন।

**১০ আগস্ট** : নবান্নে কেন্দ্রীয় তথ্য ও পরিসংখ্যান মন্ত্রকের তথ্য দিয়ে অর্থমন্ত্রী অমিত মিত্র জানালেন, রাজ্যে আর্থিক বৃদ্ধির হার ১২.৫৮%। অর্থনৈতিক উন্নয়নে দেশের মধ্যে শীর্ষ স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। দ্বিতীয় স্থানে রয়েছে আন্ধ্র প্রদেশ। ওই রাজ্যের আর্থিক বৃদ্ধির হার ১১%।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক ব্র্যান্ড পরামর্শদাতা সংস্থা 'ইন্টারন্যাশনাল ব্র্যান্ড কন্সালটিং কর্পোরেশন'এর (IBCC) তরফ থেকে, ২০১৯ সালে ভারতের মধ্যে সর্বাধিক বিশ্বাসযোগ্য সংবাদ চ্যানেলের পুরস্কার পেল 'এনডিটিভি ইন্ডিয়া'।

□ নেপালের সমতলভূমি থেকে ৫,২০০ মিটার উচ্চতায় আবিষ্কার হল এক বিশাল আকৃতির হ্রদ। হ্রদটির নাম দেওয়া হয়েছে 'কাজিন সারা'। সরকারিভাবে হ্রদ হিসাবে স্বীকৃতি পেলেই নতুন নজির গড়ে এটিই পাবে বিশ্বের উচ্চতম হ্রদের তকমা। এখনও পর্যন্ত নেপালের 'তিলিচো' জলাশয়ই বিশ্বের সর্বোচ্চ লেক, যেটি ৪,৯১৯ মিটার উঁচুতে অবস্থিত। এটি প্রায় ৪ কিলোমিটার লম্বা, চওড়ায় ১.২ কিলোমিটার ও ২০০ মিটার গভীর।

□ 'সমঝোতা এক্সপ্রেস' ও 'থর এক্সপ্রেস'এর পর এবার ভারতের সঙ্গে 'দোস্তি' বাস পরিষেবাও বন্ধ করে দিল পাক-ই-স্তান।

□ জর্জিয়ায় কুস্তি প্রতিযোগিতায় ৬৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের বজরং পুনিয়া।

**১১ আগস্ট** : দিল্লি-লাহোর-দিল্লি বাস পরিষেবা বন্ধ করে দিল দিল্লি পরিবহণ নিগম।

□ মোটরস্পোর্টস থেকে প্রথম ভারতীয় হিসাবে কোনো বিশ্বখেতাব জিতলেন ঐশ্বর্য পিসাই। হাঙ্গেরিতে মেয়েদের বিভাগে চতুর্থ হওয়ার সুবাদে তিনি ওভারঅল চ্যাম্পিয়নশিপ খেতাব পেলেন।

□ অনূর্ধ্ব-১৯ বাংলাদেশকে ৬ উইকেটে হারিয়ে, ইংল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজে চ্যাম্পিয়ন হল অনূর্ধ্ব-১৯ ভারত।

□ সিঙ্গাপুরের লো কিন ইউকে ২১-১৩, ১৪-২১ ও ২১-১৬ ব্যবধানে হারিয়ে, 'হায়দরাবাদ ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের সৌরভ ভার্মা।

**১২ আগস্ট** : চলচ্চিত্র শিল্পে অবদানের জন্য, বিশিষ্ট ভারতীয় লেখিকা ও সম্পাদক অরুণা বাসুদেবকে 'অফিসার অফ দ্য অর্ডার অফ আর্টস অ্যান্ড লেটার্স' সম্মানে ভূষিত করার সিদ্ধান্ত নিল ফ্রান্স।

'ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্স আকাদেমি'র (INSA) প্রথম মহিলা সভাপতি হলেন বাঙালি বিজ্ঞানী চন্দ্রিমা সাহা।



□ 'ভারতীয় ফুটবল ফেডারেশন'এর অ্যাপিল কমিটির চেয়ারম্যান অমরেন্দ্র শরন (৭০ বছর) মারা গেলেন।

□ অনলাইন ব্যবস্থার মাধ্যমে সারা দেশের পাইকারি বাজারে, রাজ্যে উৎপাদিত সবজি বিক্রির ব্যবস্থা চালু হল।

□ আগামী ২ মাস 'ইনক্রেডিবল ইন্ডিয়া' বা, 'অতুল্য ভারত কর্মসূচি'তে বন্যপ্রাণকে থিম বানানোর সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক।

□ রাশিয়ার ড্যানিল মেডভেডেভকে ৬-৩ ও ৬-০ ব্যবধানে হারিয়ে, 'মন্ট্রিল ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাফায়েল নাদাল।

□ 'ইউএস জিমন্যাস্টিক্স'এ চ্যাম্পিয়ন হলেন সিমোনে বাইলস। ৭০ বছরের ইতিহাসে টানা ৬ বার এই আসরে চ্যাম্পিয়ন হয়ে তিনি স্পর্শ করলেন ক্লারা লোমাডির কীর্তি।

**১৩ আগস্ট** : ১৯৯৮ সালের পর এই প্রথম 'কমনওয়েলথ গেমস'এ ফিরল ক্রিকেট। আসন্ন ২০২২ সালে 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ অন্তর্ভুক্ত করা হল মহিলাদের টোয়েন্টি-২০।

**১৪ আগস্ট** : নিউজিল্যান্ডের দক্ষিণের দ্বীপে পূর্ণবয়স্ক মানুষের সমান এক পেঙ্গুইনের জীবাশ্মের খোঁজ পেলেন জীবাশ্মবিজ্ঞানীরা। 'ক্রসভালিয়া ওয়াইপেরেনসিস' প্রজাতির এই পেঙ্গুইনের উচ্চতা প্রায় ১.৬ মিটার ও ওজন প্রায় ৮০ কেজি। বিজ্ঞানীদের মতে, ডাইনোসরের অবলুপ্তির পর, প্রায় ৬ কোটি ৬০ লাখ বছর আগে এই বিশালাকার পেঙ্গুইনের আবির্ভাব ঘটেছিল। পায়ের হাড়ের গঠন থেকে স্পষ্ট বোঝা যায়, সাঁতারের ক্ষেত্রে এই পেঙ্গুইনদের পায়ের ভূমিকা ছিল খুব গুরুত্বপূর্ণ। কিন্তু সিল বা, তিমি মাছের আধিপত্য শুরু হওয়ায় ধীরে ধীরে এরা বিলুপ্ত হয়ে যায়।

□ স্বাধীনতা দিবসে 'বীর চক্র' সম্মানে ভূষিত হলেন ভারতীয় বায়ুসেনার উইং কম্যান্ডার অভিনন্দন বর্তমান।

□ ১৯৮৬ সালের বিশ্বকাপ জয়ী আর্জেন্টিনা দলের অন্যতম গুরুত্বপূর্ণ সদস্য হোসে লুই ব্রাউন (৬২ বছর) মারা গেলেন।

□ 'এশিয়ান অ্যাথলেটিক্স সংস্থা'র অ্যাথলিটস কমিশনের সদস্য হলেন পিলাভুল্লাকান্দি থেক্কেপারাম্বিল উষা।

এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**


বেরিয়েছে

# শিলাদিত্য অগস্ট ২০১৯

## পূর্বসূরী

মাত্র পাঁচ আনা পয়সা পকেটে নিয়ে দুই বন্ধু মেস থেকে বেরিয়ে পড়লেন — হাঁটতে হাঁটতে হাওড়া। মার্টিন কোম্পানির ট্রেনে উঠে পড়লেন। বিচিত্র তার চলার পথ — বাড়ির উঠোন, পুকুর ধার পেরিয়ে সেই ট্রেন তাঁদের নিয়ে চলল। গন্তব্য অনির্দিষ্ট। তাই একসময় নেমে পড়লেন। গ্রামের চা দোকানে সময় কাটানো। তারপর বাঁশবনের পাশ দিয়ে চলে যাওয়া। দুই বন্ধুর একজন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, অন্যজন নীরদ সি চৌধুরী। তাঁদের বিচিত্র সফর কাহিনি শোনালেন বিজনকুমার ঘোষ।

এবারের ভোজনবৃত্তান্ত মনোহরার সরস গল্পে স্বাদু করেছেন আলপনা ঘোষ। এছাড়া রয়েছে পরিবেশ বিভাগে বাতাসের দূষণ আর সাত সতোরোতে কলকাতার ফুলগাছ।








## ৮৬ টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : TE-01.

**প্লাম্বার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পোস্ট নং : TE-03.

**ওয়েল্ডার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ )। পোস্ট নং : TE-04.

**মেকানিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : TE-05.

**ড্রাফটসম্যান -বি ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব ট্রেডে :**

**ড্রাফটসম্যান -মেকানিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ড্রাফটসম্যান মেকানিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২)। পোস্ট নং : DM-01.

**ড্রাফটসম্যান ইলেক্ট্রিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ড্রাফটসম্যান ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট নং : DM-02.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে নেওয়া হবে এইসব ট্রেডে :**

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : TA-01.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : TA-02.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : TA-03.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১৩-৯-২০১৯'র হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মী, বিধবা বা, বিবাহ -বিচ্ছিন্না মহিলারা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে — টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৪৪,৯০০ টাকা। টেকনিশিয়ান-বি ও ড্রাফটসম্যান-বি পদে ২১,৭০০ টাকা। বিজ্ঞপ্তি নং : HSFC/01/RMT/2019, August 24, 2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফলদের স্কিল টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্ট থেকে ১৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.isro.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন স্ক্যান করা যাবতীয় তথ্য আপলোড করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। এছাড়াও এস.বি.আই. চালানেও জমা দিতে পারবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমাদেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে সেপ্টেম্বর মাস নাগাদ। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে**।

1. শেরশাহ সুরির সমাধিক্ষেত্র কোথায় আছে?
(a) এলাহাবাদ (b) সাসারাম (c) আগ্রা (d) যোধপুর

2. 'চৌথ' নামে কর ব্যবস্থার প্রচলন করেন কে?
(a) মারাঠা (b) মোগল (c) চোল (d) চান্দেল

3. ভারতের হাই কোর্টের প্রথম মহিলা প্রধান বিচারপতি লীলা শেঠের প্রকাশিত আত্মজীবনীর নাম কী?
(a) A Fine Balance (b) Mystry Forever (c) The Judgement (d) On Balance

4. 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র প্রথম মহিলা ডেপুটি গভর্নর কে?
(a) বিমলা জালান (b) মেঘনা পাঠক (c) কে.জে.উদেশী (d) নেত্রা রঘুনাথন

5. ভারতের কোথায় সবথেকে বেশি সোনা পাওয়া যায়?
(a) কোলার (b) ক্ষেত্রী (c) পান্না (d) কাটনি

6. পক প্রণালী কোন দু'টি দেশকে আলাদা করেছে?
(a) ভারত ও পাক-ই-স্তান (b) ভারত ও চিন (c) ভারত ও বাংলাদেশ (d) ভারত ও শ্রীলঙ্কা

7. নীচের কোন অঙ্গটির চিকিৎসায় (মানবদেহে) ডায়ালিসিস পদ্ধতি প্রয়োগ করা হয়?
(a) বৃক্ক (b) বৃহদন্ত্র (c) পাকস্থলী (d) ক্ষুদ্রান্ত্র

8. লাল আলোর নীচে সবুজ পাতা রাখলে তার রঙ কী হবে?
(a) লাল (b) সবুজ (c) কালো (d) নীল

9. রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠাতা কে?
(a) স্বামী শঙ্করাচার্য (b) স্বামী বিবেকানন্দ (c) দয়ানন্দ সরস্বতী (d) রামকৃষ্ণ পরমহংস

10. চিকিৎসাশাস্ত্রে বহুল প্রচলিত 'CAT Scan' কথাটির পুরো অর্থ কী?
(a) Computerized Axial Tomography (b) Computer Analysed Treatment (c) Common Axial Therapy (d) Contour Action Tomography

11. কোন শতাব্দীতে বিখ্যাত চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন ভারতে ভ্রমণ করেছিলেন?
(a) চতুর্থ (b) পঞ্চম (c) ষষ্ঠ (d) সপ্তম

12. কোন বড়লাটের আমলে ভারতে উচ্চশিক্ষার মাধ্যম হিসাবে ইংরিজি ভাষার প্রচলন শুরু হয়?
(a) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (b) লর্ড রিপন (c) লর্ড কার্জন (d) লর্ড মেয়ো

13. 1964–'65 সালে গঠিত এডুকেশন কমিশনের রিপোর্টটি কোন নামে পরিচিত ছিল?
(a) কোঠারি কমিশন (b) মাধবেন্দ্র কমিশন (c) ওয়াঞ্চু কমিশন (d) আইয়ার কমিশন

14. 'বিদেশি মুদ্রা নিয়ন্ত্রণ আইন' কত সালে বলবৎ হয়?
(a) 1971 (b) 1973 (c) 1975 (d) 1977

15. দারিদ্র দূরীকরণ কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য ছিল?
(a) দ্বিতীয় (b) তৃতীয় (c) চতুর্থ (d) ষষ্ঠ

16. 'জয় জওয়ান জয় কিষান' কার উক্তি?
(a) লাল বাহাদুর শাস্ত্রী (b) জওহরলাল নেহরু (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

17. 'রিডিং ম্যাকেথ এ ফুল ম্যান' — এটি কার কথা?
(a) আইনস্টাইন (b) জর্জ বার্নার্ড শ (c) গোল্ডস্মিথ (d) ফ্রান্সিস বেকন

18. ভারতের প্রবেশপথ কোনটি?
(a) দিল্লি (b) পঞ্জাব (c) মুম্বই (d) কাশ্মীর

19. 'কথাকলি' নাচ ভারতের কোন রাজ্যের সঙ্গে যুক্ত?
(a) অন্ধ্র প্রদেশ (b) ওড়িশা (c) কেরালা (d) কর্ণাটক

20. গুয়াতেমালার প্রেসিডেন্ট এখন কে?
(a) মারিয়ানো রিভেরা পাজ (b) জিমি মোরালেস (c) আলেজান্দ্রো গিয়াম্মাত্তেই (d) আলেজান্দ্রো মালডোনাডো

21. কোন দেশ গন্ডোয়ানা ল্যান্ডের অন্তর্গত ছিল না?
(a) ইওরোপ (b) আফ্রিকা (c) অস্ট্রেলিয়া (d) অ্যান্টার্কটিকা

22. মাটির গড় ঘনত্ব কত গ্রাম?
(a) 2.65 (b) 7.35 (c) 4.58 (d) 8.56

23. বাল গঙ্গাধর তিলক কত সালে 'হোমরুল লিগ' স্থাপন করেন?
(a) 1918 (b) 1920 (c) 1917 (d) 1916

24. 'আলহিলাল' পত্রিকার প্রকাশক কে?
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) দাদাভাই নওরোজি (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) গোপালকৃষ্ণ গোখলে

25. কে স্যার কার্জন ওয়াইলীকে হত্যা করেন?
(a) বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় (b) তারকনাথ দাস (c) লালা হরদয়াল (d) মদনলাল ধিংড়া

26. ভারতের সবথেকে বেশি জনঘনত্ববিশিষ্ট রাজ্য কোনটি?
(a) কেরালা (b) উত্তর প্রদেশ (c) দিল্লি (d) পশ্চিমবঙ্গ

27. কোন শহরকে 'প্রাচ্যের ডান্ডি' বলে?
(a) ঢাকা (b) শ্রীহট্ট (c) রাজশাহী (d) নারায়ণগঞ্জ

28. 'গুরুশিখর' কোন পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ?
(a) আরাবল্লী (b) সিঙ্গালিলা (c) কারাকোরাম (d) কোনোটিই নয়

29. অযোধ্যার বাবরি মসজিদ ভাঙার বিষয়ে তদন্তকারী কমিশন কোনটি?
(a) লিবারহান কমিশন (b) ওয়াধা কমিশন (c) জৈন কমিশন (d) কৃষ্ণা কমিশন

30. 'দ্য রোড অ্যাহেড'এর রচয়িতা কে?
(a) বিল ক্লিন্টন (b) এ.বি.বাজপেয়ী (c) বিল গেটস (d) স্টিফেন্স হকিন্স

31. সুপ্রিম কোর্টের বিচারপতিরা অবসর নেওয়ার পর :
(a) জেলা ও দায়রা আদালতে ব্যবহারজীবী হতে পারেন না (b) সুপ্রিম কোর্টের ব্যবহারজীবী হতে পারেন না (c) হাই কোর্টের ব্যবহারজীবী হতে পারেন না (d) ওপরের কোনো আদালতেই ব্যবহারজীবী হতে পারেন না

32. বোসন কণার নামকরণে কোন বিজ্ঞানীর নাম স্মরণ করা হয়েছে?
(a) সত্যেন্দ্রনাথ বসু (b) জগদীশচন্দ্র বসু (c) সুভাষচন্দ্র বসু (d) কোনোটিই নয়

33. ভারতীয় নৌসেনাতে যোগ দেওয়ার জন্য প্রয়োজনীয় বয়স কত বছর?
(a) 16–20 (b) 18–20 (c) 18–25 (d) 20–25

34. ভারতের প্রথম শিক্ষা সংক্রান্ত উপগ্রহ কোনটি?
(a) হ্যামেস্যাট (b) কার্টোস্যাট (c) এডুস্যাট (d) কোলোস্যাট

35. কোনো ভূভাগকে মালভূমি বলতে হলে ভূমিপৃষ্ঠ থেকে ন্যূনতম কত কিলোমিটার উচ্চতাবিশিষ্ট হতে হবে?
(a) 3 (b) 30 (c) 300 (d) 600

36. প্রথম কবে লোকসভা ও রাজ্যসভার বৈঠক হয়?
(a) 1–1–1952 (b) 13–4–1952 (c) 13–5–1952 (d) 15–8–1952

37. কোন শিখগুরুকে ঔরঙ্গজেব হত্যা করেছিলেন?
(a) রামদাস (b) তেগবাহাদুর (c) গুরু নানক (d) গোবিন্দ সিংহ

38. কোন দু'টি নদীর মিলিত প্রবাহে নীলনদের সৃষ্টি হয়েছে?
(a) হোয়াইট নীল ও ব্লু নীল (b) হোয়াইট নীল ও অ্যালবার্ট নীল (c) বার এল জেবেল ও বার এল গজল (d) ব্লু নীল ও অ্যালবার্ট নীল

39. 'যাতাহ' আন্দোলনের সঙ্গে কার নাম জড়িত?
(a) মাসদুর রহমান (b) লাদেন (c) মাহমুদ আব্বাস (d) ইয়াসের আরাফত

40. 'The Good, The Bad & The Bubbly' কোন বিখ্যাত খেলোয়াড়ের আত্মজীবনী?
(a) লেভ ইয়াসিন (b) মারাদোনা (c) জর্জ বেস্ট (d) প্লাতিনি

41. 'মনস্তত্ত্ব'এর জনক কাকে বলা হয়?
(a) অ্যাডাম স্মিথ (b) সিগমুন্ড ফ্রয়েড (c) অ্যালান কেট (d) ইভান প্যাভলভ

42. অনুভূমিকভাবে নিরেট ছুঁচকে জলের ওপরের তলে রাখলে তা ভেসে থাকে কেন?
(a) সংসক্তি (b) কৈশিক নলের ক্রিয়া (c) আসঞ্জন (d) পৃষ্ঠটান

43. রাষ্ট্রপতিকে শপথবাক্য কে পাঠ করান?
(a) উপরাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) লোকসভার অধ্যক্ষ (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

44. 'মোহিনীয়াট্টম' ভারতের কোন রাজ্যের বিখ্যাত নাচ?
(a) কর্ণাটক (b) কেরালা (c) অন্ধ্র প্রদেশ (d) মণিপুর

45. দিল্লি শহরে নীচের কোন জাদুঘরটি আছে?
(a) প্রিন্স অফ ওয়েলস মিউজিয়াম (b) সালার জং মিউজিয়াম (c) ন্যাশনাল মিউজিয়াম অফ ন্যাচরাল হিস্ট্রি (d) ইন্ডিয়ান মিউজিয়াম

46. ভারতের শাসনব্যবস্থা কার্যত :
(a) যুক্তরাষ্ট্রীয় (b) এককেন্দ্রীক (c) আধা যুক্তরাষ্ট্রীয় (d) কোনোটিই নয়

47. কোন পত্রিকা বিশেষভাবে নীল বিদ্রোহের কথা তুলে ধরেছিল?
(a) সোমপ্রকাশ (b) অমৃতবাজার পত্রিকা (c) হিন্দু প্যাট্রিয়ট (d) ইন্ডিয়ান মিরর

48. নীল দর্পণের ইংরিজি অনুবাদ প্রকাশের জন্য কে শাস্তি পান?
(a) দীনবন্ধু মিত্র (b) মধুসূদন দত্ত (c) রেভারেন্ড লং (d) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

49. কোন শিল্পে সবথেকে বেশি শ্রমিক নিয়োগ করা হয়?
(a) লৌহ ও ইস্পাত (b) সূতিবস্ত্র (c) পাট (d) কোনোটিই নয়

50. ভারত উপমহাদেশের 'ধ্বংস বলয়' কোন রাজ্যে আছে?
(a) রাজস্থান (b) জম্মু ও কাশ্মীর (c) নেপাল (d) পশ্চিমবঙ্গ

51. ভারতে বৈদ্যুতিক রেল ইঞ্জিন কোথায় তৈরি হয়?
(a) বারাণসী (b) ভোপাল (c) চিত্তরঞ্জন (d) কলকাতা

52. বিস্ময়কর HYV ধান উৎপাদন হয় ভারতের ধান উৎপাদক অঞ্চলের মাত্র :
(a) 10% জমিতে (b) 11% জমিতে (c) 12% জমিতে (d) 10.2% জমিতে

53. ভারতে সবথেকে বেশি সড়কপথ আছে কোন রাজ্যে?
(a) তামিলনাড়ু (b) উত্তর প্রদেশ (c) কর্ণাটক (d) মহারাষ্ট্র

54. ভারতে তামা উৎপাদনে কোন রাজ্য প্রথম স্থানে আছে?
(a) বিহার (b) রাজস্থান (c) অন্ধ্র প্রদেশ (d) ওড়িশা

55. ভিটামিন $B_{12}$ এর অভাবে কী রোগ হয়?
(a) অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া (b) সিকল সেল অ্যানিমিয়া (c) পার্নিসিয়াস অ্যানিমিয়া (d) কোনোটিই নয়

56. প্রয়াত অভিনেতা সুনীল দত্ত অভিনীত প্রথম চলচ্চিত্র কোনটি?
(a) মাদার ইন্ডিয়া (b) রেলওয়ে প্ল্যাটফর্ম (c) সাধনা (d) হামরাজ

57. 'ত্রিশূল' কী?
(a) স্বল্প পাল্লার ভূমি থেকে আকাশ ক্ষেপণাস্ত্র (b) পর্যটন কেন্দ্র (c) যেখানে পারমাণবিক বিস্ফোরণ ঘটানো হয়েছিল (d) পারমাণবিক ডুবোজাহাজ

58. কোন পত্রিকার লোগো একটি উড়ন্ত পক্ষীরাজ?
(a) দ্য টাইমস (b) দ্য সান (c) দ্য ইনভেস্টর (d) রিডার্স ডাইজেস্ট

59. বিশিষ্ট ব্যাকরণবিদ পতঞ্জলী কার সমসাময়িক ছিলেন?
(a) অগ্নিমিত্র শুঙ্গ (b) পুষ্যমিত্র শুঙ্গ (c) বাসুদেব কান্ব (d) গৌতমীপুত্র সাতকর্ণী

60. চালুক্য সাম্রাজ্য কোথায় বিস্তৃত ছিল?
(a) গুজরাত (b) মালব্য (c) দাক্ষিণাত্য (d) সুদূর দক্ষিণ ভারত

61. 'ভারতীয় উন্নয়ন পরিষদ' কত সালে গঠিত হয়েছিল?
(a) 1952 (b) 1950 (c) 1951 (d) 1948

62. আর্যদের সহজ সরল ধর্ম বৈদিক যুগের শেষের দিকে কোন ধর্মে পরিণত হয়েছিল?
(a) জৈন (b) বৈষ্ণব (c) শৈব (d) ব্রাহ্মণ্য

63. সালোকসংশ্লেষে 'হিল বিকারক' কোনটি?
(a) ATP (b) RUDP (c) ADP (d) NADP

64. লেবুর রেচন পদার্থ কোনটি?
(a) কুইনাইন (b) নিকোটিন (c) সাইট্রিক অ্যাসিড (d) কোনোটিই নয়

65. বাংলা ভাষায় প্রথম গদ্য সাহিত্য কী?
(a) অভিজ্ঞান শকুন্তলম (b) হুতোম প্যাঁচার নকশা (c) রাজতরঙ্গিনী (d) প্রতাপাদিত্য চরিত

66. কোন ধাতব মৌল উদ্ভিদের ক্লোরোফিল অণু গঠনে প্রয়োজন?
(a) তামা (b) লোহা (c) ম্যাগনেশিয়াম (d) ক্যালশিয়াম

67. ভারতীয় সংবিধান অনুযায়ী মন্ত্রী পরিষদের সদস্যরা কার ইচ্ছানুযায়ী তাঁদের পদে অধিষ্ঠিত থাকেন?
(a) প্রধানমন্ত্রী (b) সংসদ (c) রাষ্ট্রপতি (d) লোকসভার অধ্যক্ষ

68. পাঁচমাড়িতে সেনাবাহিনীর কোন প্রশিক্ষণকেন্দ্রটি আছে?
(a) আর্মি এডুকেশন কোর্স ট্রেনিং কলেজ অ্যান্ড সেন্টার (b) ইনস্টিটিউট অফ ন্যাশনাল ইন্টিগ্রেশন (c) ই.এম.ই স্কুল (d) আর্মি ক্লার্কস ট্রেনিং স্কুল

69. একটি বিশেষ দূরত্বের পর টিভি সিগন্যালকে গ্রহণ করতে পারে না কেন?
(a) গ্রাহকের দুর্বল ক্ষমতা (b) পৃথিবীর বক্রতা (c) সিগন্যালের ক্ষীণতা (d) বায়ুর মাধ্যম

70. জলবিদ্যুৎ উৎপাদনে জাপান পৃথিবীতে কোন স্থান অধিকার করে আছে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

71. বস্তুর কাজ করার সামর্থ্যকে কী বলে?
(a) তাপ (b) আকার (c) শক্তি (d) কোনোটিই নয়

72. নীচের কোনটি স্কেলার রাশি নয়?
(a) বেগ (b) কার্য (c) সরণ (d) ওজন

73. কতগুলি ছোট আমিরশাহীকে সংযুক্ত করে সংযুক্ত আরব আমিরশাহী রাষ্ট্রটি গঠিত হয়েছে?
(a) 8 (b) 7 (c) 6 (d) 5

74. 'Let a hundred flowers bloom' উক্তিটি কার?
(a) মোহনদাস করমচাঁদ গান্ধী (b) মাও সে তুঙ (c) জওহরলাল নেহরু (d) ভি.আই.লেনিন

এরপর ১৩ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

১২ পাতার পর

75. শেখ নাসির-উদ-দ্বীন চিরাগ কোন সুফি সংগঠনের সদস্য ছিলেন?

(a) চিস্তি (b) সুহরাবর্দি
(c) কাদিরী (d) নাক্সবন্দী

76. 160 কিলোমিটার পথের 120 কিলোমিটার পথ একটি ট্রেন 80 কিলোমিটার/ঘন্টা বেগে ও বাকি পথ 40 কিলোমিটার/ঘন্টা বেগে অতিক্রম করে। পুরো যাত্রাপথে তার গড় গতিবেগ কত কিলোমিটার/ঘন্টা?

(a) 60 (b) 64 (c) 68 (d) 72

77. এখন পিতা ও তার দুই পুত্রের গড় বয়স 27 বছর। 5 বছর আগে দুই পুত্রের গড় বয়স ছিল 12 বছর। যদি দুই পুত্রের বয়সের পার্থক্য 4 বছর হয়, তবে এখন পিতার বয়স কত বছর?

(a) 34 (b) 47 (c) 64 (d) 27

78. 20 জন লোক দৈনিক 6 ঘন্টা কাজ করে একটি কাজ 18 দিনে শেষ করে। 15 জন লোক দৈনিক কত ঘন্টা কাজ করে 12 দিনে কাজটি শেষ করতে পারবে?

(a) 6 (b) 10 (c) 12 (d) 15

79. একই কর্মক্ষমতাসম্পন্ন দুই ব্যক্তি দু'টি কাজ দুই দিনে করতে পারে। একই কর্মক্ষমতাসম্পন্ন 100 জন ব্যক্তি 100টি সমান কাজ কত দিনে করতে পারবে?

(a) 100 (b) 10 (c) 5 (d) 2

80. একটি খালি চৌবাচ্চা একটি নল দিয়ে ৪ ঘন্টায় পূর্ণ হয়। কিন্তু চৌবাচ্চার তলদেশে ছিদ্র থাকার জন্য পূর্ণ হতে 2 ঘন্টা সময় বেশি লাগে। পূর্ণ চৌবাচ্চা ওই নিকাশি নল দিয়ে কত ঘন্টায় খালি হবে?

(a) 16 (b) 40 (c) 25 (d) 20

81. A নল, B নলের 4 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি খালি চৌবাচ্চা A নল 15 মিনিটে জলপূর্ণ করে। একসঙ্গে নলদু'টি দিয়ে খালি চৌবাচ্চাটি জলপূর্ণ করতে কত মিনিট সময় লাগবে?

(a) 12 (b) 14 (c) 10 (d) 8

82. দু'টি সংকর ধাতুতে সোনা ও তামার অনুপাত যথাক্রমে 7 : 2 ও 7 : 11. এই দুই সংকর ধাতু সমানভাবে মিশিয়ে যে নতুন সংকর ধাতু পাওয়া যায়, তাতে সোনা ও তামার অনুপাত কত হবে?

(a) 5 : 7 (b) 1 : 1 (c) 7 : 5 (d) 14 : 13

83. 200 গ্রাম সংকর ধাতুতে জিংক ও তামার অনুপাত 5 : 3. কত গ্রাম তামা মিশালে, নতুন মিশ্রণে জিংক ও তামার অনুপাত 3 : 5 হবে?

(a) $\frac{1}{200}$ (b) 72 (c) 66 (d) $133\frac{1}{3}$

84. দু'টি সংখ্যার অনুপাত 5 : 4. সংখ্যাদু'টির উভয় পদের সঙ্গে 2 যোগ করলে সংখ্যাদু'টির অনুপাত হয় 6 : 5. সংখ্যাদু'টি কী কী?

(a) 5, 4 (b) 10, 8 (c) 15, 9 (d) 20, 12

85. 8, 16 ও 24 এর চতুর্থ সমানুপাতী কত?

(a) 52 (b) 50 (c) 40 (d) 48

86. 10 বছর আগে A এর বয়স B এর অর্ধেক ছিল। এখন তাদের বয়সের অনুপাত 3 : 4 হলে, এখন বয়সের সমষ্টি কত বছর?

(a) 20 (b) 14 (c) 35 (d) 30

87. এক ব্যক্তি ব্যাঙ্ক থেকে একটি 14,000 টাকার চেক ভাঙালেন। তিনি কিছু 100 টাকার নোট ও কিছু 500 টাকার নোট পেলেন। যদি নোটের মোট সংখ্যা 60 হয়, তবে তিনি কতগুলি 500 টাকার নোট পান?

(a) 20 (b) 10 (c) 15 (d) কোনোটিই নয়

88. $\sqrt{1+\frac{27}{169}} = 1 + \frac{x}{13}$ হলে, x = ?

(a) 1 (b) 3 (c) 5 (d) 7

89. $\sqrt{\sqrt[3]{0.004096}}$ = ?

(a) 4 (b) 0.4 (c) 0.04 (d) 0.004

90. a + b = 6, a − b = 2 হলে, ab = ?

(a) 8 (b) 4
(c) 2 (d) 1

91. a + b = 8, a − b = 4 হলে, $8ab(a^2 + b^2)$ = ?

(a) 3875 (b) 3840 (c) 3800 (d) 3830

92. ছয় অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 2, 3, 5 ও 6 দিয়ে বিভাজ্য?

(a) 999979 (b) 999990 (c) 999980 (d) 999981

93. 989 ও 1327 কে কোন বৃহত্তম সংখ্যা দিয়ে ভাগ করলে যথাক্রমে 5 ও 7 ভাগশেষ থাকবে?

(a) 8 (b) 16 (c) 24 (d) 32

94. এক ব্যক্তি তার ভ্রমণ পথের $\frac{4}{7}$ অংশ ট্রেনে, $\frac{2}{5}$ অংশ বাসে ও অবশিষ্ট 20 কিলোমিটার নৌকায় ভ্রমণ করলেন। তার মোট অতিক্রান্ত পথের দূরত্ব কত কিলোমিটার?

(a) 700 (b) 800 (c) 900 (d) 750

95. কত টাকার $\frac{1}{4}$, $\frac{1}{8}$ ও $\frac{1}{16}$ অংশ তিনজনের মধ্যে ভাগ করে দেওয়ার পরও 18,000 টাকা বাড়তি থাকে?

(a) 36,000 (b) 40,000
(c) 30,000 (d) 32,000

96. দুই ব্যক্তি দু'টি স্থান থেকে একই সময়ে বিপরীত স্থান দু'টির উদ্দেশ্যে পরস্পরের অভিমুখে যাত্রা শুরু করে। তারা মিলিত হয়ার 4 ঘন্টা ও 9 ঘন্টা পর গন্তব্যস্থলে পৌঁছায়। প্রথম ব্যক্তির গতিবেগ 12 কিলোমিটার/ঘন্টা হলে, দ্বিতীয় ব্যক্তির গতিবেগ কত কিলোমিটার/ঘন্টা?

(a) 5 (b) 6 (c) 7 (d) 8

97. এক ছাত্র বাড়ি থেকে $2\frac{1}{2}$ কিলোমিটার/ঘন্টা গতিবেগে যাত্রা করে বিদ্যালয়ে 6 মিনিট দেরিতে পৌঁছায়। পরের দিন গতিবেগ 1 কিলোমিটার/ঘন্টা বাড়িয়ে বিদ্যালয়ে 6 মিনিট আগে পৌঁছায়। বাড়ি থেকে বিদ্যালয়ের দূরত্ব কত কিলোমিটার?

(a) 2 (b) $1\frac{1}{2}$ (c) 1 (d) $1\frac{3}{4}$

98. একটি ট্রেন রেললাইনের পাশ দিয়ে ট্রেনটির একই অভিমুখে যথাক্রমে 3 কিলোমিটার/ঘন্টা ও 5 কিলোমিটার/ঘন্টা বেগে চলমান দুই ব্যক্তিকে যথাক্রমে 10 সেকেন্ডে ও 11 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত কিলোমিটার/ঘন্টা?

(a) 28 (b) 27 (c) 25 (d) 24

99. একটি নৌকা স্রোতের অনুকূলে একটি নির্দিষ্ট দূরত্ব 3 ঘন্টায় ও স্রোতের প্রতিকূলে ওই দূরত্ব 9 ঘন্টায় অতিক্রম করে। স্থির জলে নৌকার বেগ 4 কিলোমিটার/ঘন্টা হলে, স্রোতের বেগ ঘন্টায় কত কিলোমিটার?

(a) 4 (b) 3 (c) 6 (d) 2

100. এক ব্যক্তির বর্তমান মাইনে 10,000 টাকা। পরপর তিন বছর মাইনে যথাক্রমে 10%, 20% ও 30% বাড়লে তিন বছর পর মাইনে কত টাকা হবে?

(a) 11,600 (b) 11,500
(c) 17,160 (d) 11,200

## চটপট উত্তরের বিশ্লেষণ

**1(b). 2(a). 3(d). 4(c). 5(a). 6(d). 7(a). 8(c). 9(b). 10(a). 11(c). 12(a). 13(a). 14(b). 15(d). 16(a). 17(d). 18(c). 19(c). 20(c). 21(a). 22(a). 23(d). 24(c). 25(d). 26(d). 27(d). 28(a). 29(a). 30(c). 31(d). 32(a). 33(b). 34(c). 35(c). 36(c). 37(d). 38(a). 39(d). 40(c). 41(b). 42(d). 43(d). 44(b). 45(c). 46(c). 47(c). 48(c). 49(b). 50(b). 51(a). 52(d). 53(d). 54(a). 55(b). 56(b). 57(a). 58(d). 59(b). 60(c). 61(c). 62(d). 63(d). 64(c). 65(d). 66(c). 67(a). 68(a). 69(d). 70(c). 71(b). 72(b). 73(b). 74(b).**

**75(b). 76(b).** 120 কিলোমিটার যেতে সময় = $\frac{120}{80} = 1\frac{1}{2}$ ঘন্টা। 40 কিলোমিটার যেতে সময় = $\frac{40}{40}$ = 1 ঘন্টা। তাহলে গড় গতিবেগ = $\frac{60}{1+1\frac{1}{2}}$ = 64 কিলোমিটার/ঘন্টা। **77(b).** এখন মোট বয়স = 27 × 3 = 81 বছর। এখন দুই পুত্রের মোট বয়স = (12 × 2) + (5 × 2) = 34 বছর। তাহলে এখন পিতার বয়স = 81 − 34 = 47 বছর।

**78(c).** শর্টকাট ফর্মূলা : দৈনিক ঘন্টা = $\frac{6 \times 18 \times 20}{15 \times 12}$ = 12 ঘন্টা।

**79(d).** শর্টকাট ফর্মূলা : নির্ণেয় দিনসংখ্যা = $\frac{2 \times 2 \times 100}{2 \times 100}$ = 2 দিন।

**80(b).** শর্টকাট ফর্মূলা : নির্ণেয় সময় = $\frac{10 \times 8}{10 - 8}$ = 40 ঘন্টা। **81(a).** B সময় নেয় = 15 × 4 = 60 মিনিট। তাহলে মোট সময় = $\frac{15 \times 60}{15 + 60}$ = 12 মিনিট। **82(c).** নতুন ধাতুতে অনুপাত = $\left(\frac{7}{9}+\frac{7}{18}\right) : \left(\frac{2}{9}+\frac{11}{18}\right)$ = 7 : 5. **83(d).** জিংক = 200 × $\frac{5}{8}$ = 125 গ্রাম। তাহলে তামা = (200 − 125) = 75 গ্রাম। মনে করি, x গ্রাম তামা মিশানো হবে। তাহলে $\frac{125}{75 + x} = \frac{3}{5}$. তাহলে x = $\frac{400}{3}$ = $133\frac{1}{3}$ গ্রাম। **84(b).** মনে করি, সংখ্যাদু'টি 5x ও 4x. শর্তানুসারে, $\frac{5x+2}{4x+2} = \frac{6}{5}$. তাহলে x = 2. তাহলে সংখ্যাদু'টি হল 5x = 5 × 2 = 10 ও 4x = 4 × 2 = 8. **85(d).** চতুর্থ সমানুপাতী = $\frac{16 \times 24}{8}$ = 48. **86(c).** মনে করি, তাদের বর্তমান বয়স 3x ও 4x. শর্তানুসারে, (3x − 10) = $\frac{(4x - 10)}{2}$ তাহলে x = 5. তাহলে বর্তমান বয়সের সমষ্টি = 3x + 4x = 7x = 7 × 5 = 35 বছর। **87(a).** মনে করি, 100 টাকার নোটের সংখ্যা = x ও 500 টাকার নোটের সংখ্যা = y. তাহলে শর্তানুসারে, x + y = 60 ও 100x + 500y = 14,000. সমাধান করে পাই, x = 40, y = 20. **88(a). 89(b). 90(a). 91(b). 92(b). 93(c).** নির্ণেয় সংখ্যাটি হল (989 − 5) = 984 ও (1327 − 7) = 1320 এর গ.সা.গু = 24. **94(a).** মনে করি, সম্পূর্ণ অংশ = 1. তাহলে অবশিষ্ট অংশ = 1 − $\left(\frac{4}{7}+\frac{2}{5}\right)$ = $\frac{1}{35}$ অংশ। শর্তানুসারে $\frac{1}{35}$ অংশ = 20 কিলোমিটার। তাহলে সম্পূর্ণ অংশ = 20 × 35 = 700 কিলোমিটার। **95(d).** মনে করি, মোট টাকা = x. তাহলে শর্তানুসারে, x − $\left(\frac{x}{4}+\frac{x}{8}+\frac{x}{16}\right)$ = 18,000. সমাধান করে পাই, x = 32,000. **96(d).** গতিবেগের অনুপাত = $\sqrt{9} : \sqrt{4}$ = 3 : 2. তাহলে দ্বিতীয় ব্যক্তির গতিবেগ = $\frac{12 \times 2}{3}$ = 8 কিলোমিটার/ঘন্টা। **97(d).** মনে করি, দূরত্ব = x কিলোমিটার। তাহলে শর্তানুসারে, $\frac{2x}{5} - \frac{2x}{7} = \frac{12}{60}$. তাহলে x = $1\frac{3}{4}$ কিলোমিটার। **98(c).** মনে করি, ট্রেনের বেগ = x কিলোমিটার/ঘন্টা। তাহলে শর্তানুসারে, (x − 3) × 10 = (x − 5) × 11. তাহলে x = 25. **99(d).** মনে করি, স্রোতের বেগ = x কিলোমিটার। $\frac{4+x}{4-x} = \frac{9}{3}$. তাহলে x = 2. **100(c).**

# কলকাতা পুরনিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে কীভাবে চাকরি পেলাম

## সাফল্যের স্বীকৃতি



প্রণব রায়

উত্তর ২৪ পরগনা জেলার গোবরডাঙার পুবালী গ্রামের ছেলে আমি। আমরা দু'ভাই। আমাদের পৈতৃক কারবার চাষবাস। চাষবাস করে বাবা আমাদের লেখাপড়া শিখিয়েছেন ও বড় মানুষ হওয়ার স্বপ্ন দেখিয়েছেন। মাধ্যমিকে পড়ার সময়, থেকে আমার ইচ্ছা ছিল ইঞ্জিনিয়ার হওয়ার। আর এই লক্ষ্য পূরণের জন্য ২০১১ সালে উচ্চমাধ্যমিক পাশ করার পর জেক্সপো পরীক্ষায় বসেছিলাম। এই পরীক্ষায় সফল হয়ে জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ার ট্রেডে ভরতির সুযোগ পাই। ২০১৪ সালে ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা কোর্স পাশ করার পর ক্যাম্পাসিংয়ের মাধ্যমে বেশ কিছু বেসরকারি সংস্থায় চাকরির সুযোগ পেয়েছিলাম কিন্তু আগ্রহ দেখাইনি। ২০১৪ সাল থেকে সরকারি চাকরির পরীক্ষার জন্য উদ্যোগ নিয়েছিলাম। ওই বছরে পূর্ব রেলের অ্যাসিস্ট্যান্ট লোকোপাইলটের পরীক্ষায় বসেছিলাম। এই পরীক্ষা দিয়ে বুঝতে পারি, প্রথামাফিক প্রস্তুতি ছাড়া চাকরির পরীক্ষায় সফল হওয়া যায় না। এরপরেই এক নামি সংস্থায় কোচিং নিয়েছিলাম। শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী টেকনিক্যাল ও ননটেকনিক্যাল সব ধরণের চাকরির পরীক্ষায় বসেছিলাম। যতদিন না চাকরি পেয়েছি লাগাতার পরীক্ষা দিয়ে গেছি। এর মধ্যে ৬টি পরীক্ষায় প্রাথমিক পর্যায়ে কোয়ালিফাই করেছি। যেমন — পিএসসির জুনিয়র ইঞ্জিনিয়ার (২০১৬-'১৭), আর.আর.বি জুনিয়র ইঞ্জিনিয়ার ২০১৮, আর.আর.বি অ্যাসিস্ট্যান্ট লোকোপাইলট ও টেকনিশিয়ান ২০১৮, গার্ডেনরিচ শিপবিল্ডার্সের ডিজাইন অ্যাসিস্ট্যান্ট, সেচ দফতরের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর ও রাজ্য সরকারের গ্রুপ ডি। চূড়ান্ত সফল হয়েছি এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসের এয়ার ক্রাফট টেকনিশিয়ান পদে (এখানে ৭ মাস চাকরি করেছি)। পলিটেকনিক কলেজে ওয়ার্কশপ ইন্সট্রাক্টর ও কলকাতা পুরনিগমে। এই মুহূর্তে কলকাতা পুরনিগমে চাকরি করছি ও এই চাকরি পাওয়ার অভিজ্ঞতা জানাচ্ছি। গত বছরে গোড়ার দিকে কলকাতা পুরনিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বিজ্ঞপ্তি বেরোয়। শূন্যপদ ছিল ৫৬টি। শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছিল সংশ্লিষ্ট ট্রেডে ডিপ্লোমা পাশ। প্রস্তুতির জন্য গড়িয়ার এক নামি কোচিং সেন্টারে ভরতি হয়েছিলাম। নির্ধারিত সিলেবাস অনুযায়ী প্রথমে টেক্সট বইগুলো খুঁটিয়ে পড়েছিলাম। এরপর অবজেক্টিভ টাইপের প্রশ্নের উত্তর অনুশীলনের জন্য সাহায্য নিয়েছিলাম এইসব লেখকের বইয়ের — আরএস খুর্মী, আর কে জৈন ও ডি. এস. কুমার। এছাড়াও 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News' পড়ে খুব উপকৃত হয়েছি। পাশাপাশি কোচিংয়ে স্টাডি মেটেরিয়ালস দেখে নিয়মিত অনুশীলন করতাম। বিশেষভাবে পরামর্শ পেয়েছি রামকৃষ্ণ গিরি, তাপস দাস ও সুশান্ত হাজরার।

প্রার্থী বাছাই পরীক্ষা নেয় মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন ছিল ও প্রতিটি প্রশ্নে ছিল ২ নম্বর করে। ১০০টির মধ্যে ৭৬টি প্রশ্নের উত্তর লিখেছিলাম। শুধুমাত্র টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন ছিল। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করার পর ইন্টারভিউয়ের জন্য ডাক পাই। প্রস্তুতির জন্য কোচিংয়ে মহড়া ইন্টারভিউয়ে অংশ নিয়েছিলাম। সাম্প্রতিক ঘটনার জন্য নিয়মিত সংবাদপত্র পড়তাম। ইন্টারভিউ হয় মিউনিসিপাল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। শুরুতেই কলকাতা পুরনিগম সম্পর্কে বেশ কিছু প্রশ্ন করা হয়। যেমন — পুরনিগমের প্রধান কে, প্রশাসনিক দায়িত্ব কে সামলান, কলকাতায় ক'টি ওয়ার্ড আছে, ওয়ার্ড প্রধানদের কী বলে। এরপর অন্যান্য সদস্যরা টেকনিক্যাল বিষয় থেকে প্রশ্ন করেন। টেকনিক্যালের হিট পাওয়ার, হাইড্রলিক ইত্যাদি বিষয় থেকে প্রশ্ন করা হয়।

চূড়ান্ত সফল হয়ে এ বছরের ৫ জানুয়ারি কলকাতা পুরনিগমের ফুলবাগানে জল সরবরাহ বিভাগে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে যোগ দিয়েছি। এই পদের মূল মাইনে ৯,০০০ - ৪০,৫০০ টাকা ও সেইসঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে যোগ দিয়ে ধীরে ধীরে উন্নীত হওয়া যায় এই সব পদে — অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার ও ডিরেক্টর পদে। অভিজ্ঞতায় বলতে পারি, কারিগরি চাকরির পরীক্ষার সাফল্যের জন্য ধারাবাহিক প্রস্তুতির পাশাপাশি দরকার সঠিক বিশেষজ্ঞের পরামর্শ।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের মেন পরীক্ষার ফল বেরিয়েছে কি? ইন্টারভিউ কবে থেকে হবে? ইন্টারভিউ বোর্ডে কেমন প্রশ্ন করা হয়? বাংলায় প্রশ্ন করা হয় কি? না কি সব প্রশ্নের উত্তর ইংরিজিতেই দিতে হয়?— বিকাশ ঘোষ, হাবড়া, উত্তর ২৪ পরগনা। পার্থ বিশ্বাস, বারাসাত, কলোনি মোড়, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে পশ্চিমবঙ্গ পুলিশে ২০১৮ সালের কনস্টেবল পদের যে লিখিত মেন পরীক্ষা হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in সফলদের ইন্টারভিউ শুরু হবে ২৬ আগস্ট থেকে। কোন প্রার্থীদের কবে কোথায় ইন্টারভিউ হবে তা ওপরের ওই ওয়েবসাইটে জানতে পারবেন। ইন্টারভিউয়ে থাকবে ১৫ নম্বর। এই ইন্টারভিউয়ে প্রার্থীর সাম্প্রতিক ঘটনা, পুলিশ সংক্রান্ত বিষয়-সহ প্রার্থী পুলিশে চাকরি করায় পারদর্শী কিনা ইত্যাদি দেখা হবে। ইন্টারভিউ বোর্ডে প্রশ্ন করা হবে সাধারণত বাংলায়। তবে ইংরিজিতেও কিছু প্রশ্ন করা হতে পারে। প্রস্তুতির জন্য মক ইন্টারভিউ দিয়ে ভয় দুর করুন।

## সেনাবাহিনীর

■ *মাধ্যমিকে ৫১%, উচ্চমাধ্যমিকে ৬৪% নম্বর আছে আর্টস শাখায়। প্রতিটি বিষয়ে ৫০ শতাংশের বেশি নম্বর আছে। আর্মির ক্লার্ক পদের জন্য দরখাস্ত করতে পারছি না। আমি কি যোগ্য নই? — বাপ্পা সরকার, শ্রীপুর, কলোনি শিমুলিয়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা।*

■■ আপনি আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছেন। কিন্তু উচ্চমাধ্যমিকে আপনার অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি বা, বুক কীপিং বিষয় না থাকার জন্য দরখাস্ত করতে পারছেন না। ক্লার্ক পদের জন্য যোগ্যতা দরকার — আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ম্যাঙ্গালোর পেট্রো-কেম. অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, ও ডিগ্রি | ১৭ | ২৩-৮-১৯ | www.ompl.co.in |
| হাওড়া রুরাল ডিস্ট্রিক্ট পুলিশে ড্রাইভার | এইট পাশ | ২৫ | ২৫-৮-১৯ | এস.পি. অফিসে যোগাযোগ করুন |
| এল.আই.সি. হাউজিং ফিনান্সে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট পাশদের | ৩০০ | ২৬-৮-১৯ | www.lichousing.com |
| এয়ার ইন্ডিয়ায় ট্রেডসম্যান এয়ারক্র্যাফট টেকনিশিয়ান | আই.টি.আই., ডিপ্লোমা | ৩৫৫ | ২৬-৮-১৯- ২৭-৯-১৯ | www.airindia.in |
| আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার | গ্র্যাজুয়েট পাশদের | ৪,৩৩৬ | ২৮-৮-১৯ | www.ibps.in |
| দক্ষিণ-পূর্ব মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩১৩ | ২৯-৮-১৯ | www.secr.indianrailways.gov.in |
| ব্যারাকপুর আর্মির র‍্যালি | এইট, মাধ্যমিক HS, গ্র্যাজুয়েট | - | ৩০-৮-১৯ | www.joinindianarmy.nic.in |
| রাষ্ট্রীয় ইস্পাত নিগমে জুনিয়র ট্রেনি, অপারেটর | আই.টি.আই., ডিপ্লোমা | ৫৫৯ | ৩০-৮-১৯ | www.vizagsteel.com |
| বর্ডার রোডস অর্গাঃ ড্রাফটসম্যান, সুপারভাইজর | মাধ্যমিক, আই.টি.আই. | ৩৩৭ | - | www.bro.gov.in |
| কেন্দ্রীয় সংস্থায় সায়েন্টিস্ট | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের | ২৯০ | ৩০-৮-১৯ | www.rac.gov.in |
| এন.টি.পি.সি.-তে ডিপ্লোমা ট্রেনি | আই.টি.আই. ডিপ্লোমা | ৭৯ | ৩১-৮-১৯ | www.ntpccareers.net |
| কেন্দ্রীয় সরকারের অ্যাসিস্ট্যান্ট, অপারেটর | উচ্চমাধ্যমিক. গ্র্যাজুয়েট | ১৩৪৪ | ৩১-৮-১৯ | www.ssc.nic.in |
| কোস্ট গার্ডে নাবিক | উচ্চমাধ্যমিক | - | ১-৯-১৯ | www.joinindiancoastguard.gov.in |
| দিল্লি হাই কোর্টে বিচারক | আইনের ডিগ্রি | ৪৫ | ২-৯-১৯ | www.delhihighcourt.nic.in |
| ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ ও এন.এ. পরীক্ষার মাধ্যমে | উচ্চমাধ্যমিক পাশদের | ৪১৫ | ৩-৯-১৯ | www.upsc.gov.in |
| রাজ্য পুলিশে সাব-ইন্সপেক্টর | ডিগ্রি কোর্স পাশদের | ৬৬৮ | ৯-৯-১৯ | www.wbpolice.gov.in |
| কলকাতা হাই কোর্টে স্টেনো/পার্সোনেল অ্যাসিঃ | উচ্চমাধ্যমিক পাশদের | ২৫ | ১১-৯-১৯ | www.calcuttahighcourt.nic.in |
| রাজ্য শ্রম দফতরে ক্লার্ক | মাধ্যমিক, পাশদের | ১৪০ | ১৪-৯-১৯ | www.wblc.gov.in |

## স্কুল সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টেট, নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর বেরোবে কি? — সৌমিতা মোহন্ত, গোপালনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, স্কুল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞপ্তি এবছরের শেষের দিকে বেরোনোর সম্ভাবনা আছে।

■ *অনার্স ও পোস্ট-গ্র্যাজুয়েট যোগ্যতা আছে। কিন্তু পাস গ্র্যাজুয়েট টিচার হিসাবে চাকরি করছি। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে প্রধান শিক্ষক পদে দরখাস্ত করতে পারব কি? তপশিলীদের কোনো ছাড় আছে কি? — অংশু দাস, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ হ্যাঁ, পারবেন। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যেকোনো শাখায় মাস্টার ডিগ্রি কোর্স পাশ বা, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা সংসদ বা, সমতুল পর্ষদের অনুমোদিত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, হাই স্কুল, জুনিয়র হাই স্কুলে অন্তত ১০ বছর শিক্ষকতা করার অভিজ্ঞতা থাকতে হবে। এই অভিজ্ঞতা হিসাব করা হবে অ্যাপ্রুভাল পাওয়ার তারিখ থেকে বিজ্ঞপ্তি বেরোনোর দিন পর্যন্ত। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.টি. / বি.এড./ পোস্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে। তপশিলীরা কোনো ছাড় পাবেন না।

■ *স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় কর্মশিক্ষা বিষয়ের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বি.এড. কি আবশ্যিক? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — কামাল হাসান, চোরাগাছি, কুশমান্ডি, দক্ষিণ দিনাজপুর।*

■■ **কর্মশিক্ষা বিষয়ের জন্য** নীচের যেকোনো ১টি যোগ্যতা থাকা দরকার : (ক) গ্র্যাজুয়েটরা পি.জি.বি.টি./ ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি. এড.-কোর্স পাশ হলে যোগ্য। (খ) গ্র্যাজুয়েটরা আর্ট অ্যান্ড ক্র্যাফটের ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হলে। (গ) গ্র্যাজুয়েটরা টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিপ্লোমা /ডিগ্রি কোর্স পাশ হলে। (ঘ) হোম সায়েন্স /অ্যাগ্রিকালচারের ডিগ্রি কিংবা কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি /সফটওয়্যার সিস্টেমের ডিগ্রি কোর্স পাশ। (ঙ) গ্র্যাজুয়েটরা ওয়ার্ক এডুকেশনের ২ বছরের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (চ) গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে। (ছ) ভিশুয়াল আর্টের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ক্র্যাফট অ্যান্ড ডিজাইনের সার্টিফিকেট কোর্স পাশ হলে / ভিশুয়াল আর্টের ডিগ্রি কোর্স পাশ হলে / ফাইন আর্টসের ডিগ্রি কোর্স পাশ হলে / ফাইন আর্টস (পেইন্টিং)'এর ডিগ্রি কোর্স পাশ হলে / ফাইন আর্টস (পেইন্টিংয়ের) মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে / লেডি ব্রেবোর্ন থেকে টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে / বেঙ্গল টেলারিং থেকে টেলারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে / টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পাশ হলে / টেলারিং, এমব্রয়ডারি, ফ্যাশন অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / অ্যাপারেল ডিজাইনিং অ্যান্ড ফ্যাশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে / আই.টি.আই. থেকে টেলারিংয়ের ২ বছরের কোর্স পাশ হলে / টেলারিংয়ের ২ বছরের সার্টিফিকেট / ডিপ্লোমা কোর্স পাশ হলে / হ্যান্ডলুম টেক্সটাইলের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / হ্যান্ডলুম ওয়েভিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / ফার্নিচার টেকনোলজি অ্যান্ড ইন্টেরিয়র ডিজাইনের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / উড ওয়ার্কের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / পটারি অ্যান্ড সেরামিকের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / হোম সায়েন্স, হর্টিকালচার, অ্যাগ্রিকালচার বা, মিউজিকের ডিগ্রি কোর্স পাশ হলে / বি.এসসি. মেজর (অ্যাগ্রো সার্ভিস)'এর ৩ বছরের কোর্স পাশ হলে / ফুড অ্যান্ড নিউট্রিশন, হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড সোশ্যাল সায়েন্স কম্বিনেশন নিয়ে ডিগ্রি কোর্স পাশ হলে / ডান্স বা, ড্রামার ডিগ্রি কোর্স পাশ হলে / কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশ হলে / কম্পিউটার সায়েন্সের বি.এসসি. বা, ডিগ্রি কোর্সে ৩০০ নম্বর নিয়ে কম্পিউটার সায়েন্স বিষয় থাকলেও যোগ্য / বি.সি.এ. কোর্স পাশ হলে / ইনফর্মেশন টেকনোলজির বি.ই. বা, বি.টেক., / ইনফর্মেশন টেকনোলজির এম.এসসি. কোর্স পাশ হলে / কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে / ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি.এড. কোর্স পাশ হলে। ওপরের সব বিষয়ের ক্ষেত্রেই এন.সি.টি.ই. / আর.সি.আই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ব্যাচেলর অফ টিচিং / বি.এড. /পোস্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কোর্স পাশ হতে হবে।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের আই.সি.ডি.এস. সুপারভাইজর পরীক্ষার অ্যাডমিট কার্ড দেওয়া শুরু

**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের আই.সি.ডি.এস. -সুপারভাইজর পদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে ১ সেপ্টেম্বর, বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৯ আগস্ট থেকে এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in**

## কোর্স ও ট্রেনিং

■ *কুকিংয়ের ওপর শর্টটার্ম কোর্স. কলকাতায় কোথায় পড়ানো হয়? — দীপেন বাসু, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ কলকাতার ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্টে ফুড প্রোডাকশন অ্যান্ড পাটিসারিজের ক্র্যাফটসম্যানশিপ কোর্স পড়তে পারেন। ঠিকানা : পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৮৮। ওয়েবসাইট : www:ihmkolkata.org এছাড়াও কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকায় বেসরকারি উদ্যোগে হোটেল সংক্রান্ত শর্টটার্ম কোর্স পড়ানো হয়। সেখানেও যোগাযোগ করতে পারেন।

## অন্যান্য চাকরির

■ *বয়স ১৭ বছর। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পড়ছি। মাধ্যমিকে ৭০% নম্বর আছে। এই যোগ্যতায় কী ধরণের চাকরি পেতে পারি? — সুমিত মণ্ডল, চেঙ্গাইল, হাওড়া।*

■■ এই যোগ্যতায় সরকারি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে পারেন। এছাড়াও নার্সিং কোর্সে ভরতি হতে পারেন। গ্র্যাজুয়েট হওয়ার পর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনেক পদে দরখাস্ত করতে পারবেন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
.................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কলকাতা পুরনিগমে অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

(সিভিল)', 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার' ও 'ড্রাফটসম্যান' পদে ৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** মোট অন্তত ৬০% নম্বরপেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ডিজাইন, কনস্ট্রাকশন বা, প্রোজেক্ট ম্যানেজমেন্টের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ডিজাইন, কনস্ট্রাকশন বা, প্রোজেক্ট ম্যানেজমেন্টের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার :** উচ্চমাধ্যমিক পাশরা আর্কিটেকচারের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**ড্রাফটসম্যান :** মাধ্যমিক পাশরা ড্রাফটসম্যানশিপের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটারে অটো ক্যাড, ৩ডি মডেলিং সফটওয়্যার, ফটোশপ, রিভার আর্কিটেকচারের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় চাকরি হবে গঙ্গাসাগর বকখালি ডেভেলপমেন্ট অথরিটিতে। বয়স গুণতে হবে ১-১-২০১৯'এর হিসাবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 06 of 2019.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এজন্য লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দেবেন এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ১৭ সেপ্টেম্বরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## জেনারেল ইংলিশ

৪ পাতার পর

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** বাক্যটিতে civic administration হল বিশেষ্য (noun). তাই তাকে qualify করবে বিশেষণ, ক্রিয়া-বিশেষণ নয়। এজন্য 'efficiently' না বসে বিশেষণ 'efficient' হবে। **2(D). 3(B).** The Indians অর্থাৎ, ভারতীয়রা হল বহুবচনের। তাই ক্রিয়াপদ 'is'এর স্থলে 'are' বসবে। **4(A).** বাক্যটিতে 'since last June' থাকায় বাক্যটি Present Perfect continuous tense-এর হবে। তাই 'we play' স্থলে হবে 'we have been playing. **5(B).** বাক্যটিতে 'During last days', বাক্যটি অতীতে আরম্ভ হয়ে এখনো চলছে বোঝাচ্ছে। তাই past perfect continuous tense-এর হবে। শুদ্ধ বাক্যটি তাই হবে : During last days I have been trying continuously..... **6(A).** বাক্যটিতে 'last' শব্দটি থাকায় বোঝাই যাচ্ছে, বাক্যটি অতীত কালের। তাই শুদ্ধ হবে : when I last saw him..... **7(A).** এখানে 'Enquiry in'এর স্থলে 'inquiry into' বসবে। **8(C).** বাক্যটি Present Perfect Continuous tense-এর। তাই এখানে 'from' না বসে 'for' বসবে। **9(C).** বাক্যটির প্রথম অংশ অতীত কালের (proved), তাই পরের অংশেও witness, past tense-এ 'witnessed' হয়ে বসবে। **10(D). 11(A).** Provoke – প্ররোচিত করা, Pat – আদর করা, Pacify – শান্ত করা, Push – ঠেলা, Pull – টানা। **12(B).** Ultimate – অন্তিম বা, শেষ, Collective – সমবেত, Immediate – এখনই বা, অবিলম্বিত, Urgent – প্রয়োজনীয়, Present – বর্তমান। **13(D).** Indifference – নির্লিপ্ততা, Affection – স্নেহ, Participation – অংশগ্রহণ, Attachment – আসক্তি, Involvement – জড়িত। **14(C).** Egotism – আত্মম্ভরিতা, Sacrifice – স্বার্থত্যাগ, Service – সেবা, Humility – নম্রতা, Ignorance – অজ্ঞতা। **15(B).** Denials – অসম্মতি, Acknowledgements – স্বীকৃতি, Confessions – স্বীকারোক্তি। Affirmations – শপথ, Confirmation – সুনিশ্চিত করা। **16(D).** Draw – টানা। Pull – টানা। **17(C).** Regular – নিয়মিত, Frequent – প্রায়শই। **18(B).** Part – গুণ, Piece – খন্ড, Feature – বৈশিষ্ট্য, Sign – চিহ্ন, Whole – সম্পূর্ণ। **19(A).** Great – বিশাল, Short – সংক্ষিপ্ত, Unknown – অপরিচিত, Weak – দুর্বল, Powerful – শক্তিশালী। **20(B).** Like – পছন্দের, Similar – সদৃশ, Hate – ঘৃণা, Differ – তফাৎ, Calm – শান্ত। **21(A).** Following – অনুগামী, Ignoring – অবজ্ঞা করে, Leading – প্রভাব, Beginning – শুরু, Closing – সমাপ্ত। **22(C).** Tall – লম্বা, Staggered – এলোমেলো, Fantastic – অপরূপ, Below – নিচে। **23(D).** এই বাক্যটির শূন্যস্থানে ক্রিয়াপদের Infinitive রূপ বসবে। তাই এক্ষেত্রে 'to return' বসবে। **24(C).** বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে, ব্যক্তিটির মৃদু পক্ষাঘাতের জন্য তাঁর চলাচল কিছুটা ধরাবাঁধা করা হচ্ছে। তাই এখানে Slightly বসবে। **25(B).** বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে, যখন জেগে উঠেছেন, তখনই তিনি দেখেছিলেন যে তাঁর ব্যাগ চুরি গেছে। তাই এক্ষেত্রে শুরুতে If, Where বা, So না বসে, When বসবে। **26(C). 27(A). 28(D). 29(B). 30(C). 31(A). 32(A). 33(D). 34(D). 35(B). 36(C).** *37–41 নং প্রশ্নের চটপট উত্তর দিতে হলে আগে বাক্যগুলিকে মনে-মনে এইভাবে পরপর সাজিয়ে ফেলুন :* The day of the interview arrived. Sharan was well prepared and confident. He answered well to all the quesitons put by the panel members. A week later he received the letter of appointment. Sharan started dancing with joy. **37(B). 38(D). 39(C). 40(D). 41(A). 42(D).** Puja is smart and ambitions. **43(B).** I need a good pencil. **44(B).** The movie is not good. **45(C).** We wanted to stay there. **46(D).** We thoroughly enjoyed the picnic. *91-95নং প্রশ্নের তিনটি বিকল্পের মধ্যে কোনটি দিয়ে বাক্য শুরু করলে অর্থ অপরিবর্তিত থেকে শুদ্ধ হবে, তা বের করতে হবে।* **47(C).** দু'টি বাক্যের অর্থ অপরিবর্তিত রেখে জুড়লে হবে : (i) other suffer a lot because of his taking any action in delay every time. (2) On account of his procrastination (দীর্ঘসূত্রতার) it makes others suffer a lot always. **48(A).** বাক্য দু'টি complex sentences গড়ে জুড়লে হবে : As it is very cold here, you must carry warm clothes with you. **49(C).** এখানে জোড়া যায় এই দু'ভাবেই : (1) If you need two tickets, please stand in the queue. (2) In case you need two tickets, please stand in the queue. **50(D).** এখানে জোড়া যায় এই দু'ভাবে : (1) The quality of the fabric being unimpressive, we changed our plan of purchasing. (2) We changed our plan of purchasing as the quality of the fabric was not impressive.

২০১৯ এর মধ্যে প্রতি ঘরে ডব্লুবিসিএস সহ অন্যান্য অন্তত ১০,০০০ সরকারি চাকরি পাওয়ানোর লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জিএসসিই।

GSCE
George School of Competitive Exams

পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100 / 200 / 300

সরকারি চাকরির নিয়োগপত্রের সুযোগ- আজই আসুন GSCE তে

সেমিনার
সেমিনারে যোগদান করলে আধিকারিকবৃন্দের সুপরামর্শ ছাড়াও মিলবে কিছু মূল্যবান স্টাডি মেটেরিয়ালস্।
সেমিনার কবে, কোথায়, কখন

| | | |
|---|---|---|
| পুরুলিয়া 21/08/19 10.00 am 9830277820 | বাঁকুড়া 21/08/19 1.30 pm 8017491727 | কোন্নগর 23/08/19 11.30 am 9230056667 |
| মেদিনীপুর 23/08/19 10.30 am 9230056671 | খড়গপুর 23/08/19 1.30 pm 9230016054 | ঝাড়গ্রাম 24/08/19 11.30 am 9674087874 |
| বোলপুর 24/08/19 11.30 am 9674012025 | ব্যারাকপুর 25/08/19 11.30 am 9230056668 | রানাঘাট 26/08/19 11.30 am 9674083508 |
| তমলুক 27/08/19 11.30 am 8697984951 | | |

সেমিনারে আসন সংখ্যা সীমিত। আগে এলে আগে সুযোগ। এক কপি ফোটো ও আধার / ভোটার কার্ডের ফটোকপি নিয়ে আসতে হবে।
সেমিনারে যারা আসছেন তারা কোর্স ফি-এর উপর বিশেষ ছাড়ের সুবিধা পাবেন।

বিজ্ঞপ্তি প্রকাশিত Staff Selection Commission
শূন্যপদ : ১৩৫০ (প্রায়)
ফর্ম ফিল-আপ : ৩১-৮-২০১৯ পর্যন্ত
যোগ্যতা : মাধ্যমিক থেকে শুরু
বয়স : ১৮-৩০ বছর

WBCS ও স্কুল সার্ভিসের বিজ্ঞপ্তি শীঘ্রই

বিজ্ঞপ্তি প্রকাশিত IBPS PO
শূন্যপদ : ৪,৩৩৬
যোগ্যতা : স্নাতক
বয়স : ২০-৩০ বছর
ফর্ম ফিল-আপ : ২৮-৮-২০১৯ পর্যন্ত

WBSSC
শূন্যপদ ৩৩,৬৮৭
যোগ্যতা : মাধ্যমিক থেকে স্নাতক
বয়স : ১৮ - ৪০ বছর

বিজ্ঞপ্তি প্রকাশিত WB Police SI
শূন্যপদ : ৬৬৮
যোগ্যতা : স্নাতক
বয়স : ২০-২৭ বছর
ফর্ম ফিল-আপ : ৯-৯-২০১৯ পর্যন্ত

যে সমস্ত কোর্সে ভর্তি চলছে
WBCS Combined Course

শারদ শুভেচ্ছা
আর্থিকভাবে দুর্বল ছাত্রছাত্রীদের জন্য GSCE-নিয়ে এল



বেসিক কোর্স
SSC • Rail • Bank • WBSSC SLST • TET • Police • Army

বৈশিষ্ট্য :
১। কোর্সের মেয়াদ কমপক্ষে ৬মাস।
২। ৪০০০ টাকা + জি.এস.টি।
৩। ৫০০ টাকা প্রতি মাস + জি.এস.টি।
৪। মাসিক আয়ের সার্টিফিকেট কপি।
৫। Week Days -এ ৫ দিন ক্লাস, প্রতি ক্লাস ২ ঘন্টা করে।
৬। Week End -এ শনি-রবি মোট ১০ ঘন্টা ক্লাস।
৭। অ্যাচিভার্স, অ্যাচিভার্স-ইন-ফোকাস, শিক্ষা চাকরি ও খেলা-এর সাবসক্রিপসনের সাথে স্পেশাল স্টাডি কিট্,-এর ব্যবস্থা আছে।
৮। প্রতি ক্লাসের আগে ক্লাস টেস্ট বাধ্যতামূলক।
৯। স্টাডি মেটিরিয়াল, অন লাইন-অফ লাইন মক টেস্টের সুবিধা।
১০। Exam Oriented Study Materials : জিএসসিই-তে প্রতিটি ছাত্রছাত্রীকে প্রতিটি পরীক্ষার আগে সেই পরীক্ষায় বিগত বছরের বিভিন্ন প্রশ্ন এবং এ বছরের গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তরে সমৃদ্ধ কমনযোগ্য পরীক্ষা সম্পর্কিত স্টাডি মেটিরিয়াল দেওয়া হয়ে থাকে। যা পরীক্ষাটির খুঁটিনাটি তথ্য জানতে সাহায্য করে।
১১। Library Facility : ছাত্রছাত্রীদের জন্য আছে ফ্রি লাইব্রেরি ও গ্রুপ স্টাডি-র ব্যবস্থা। যেখানে ক্লাসের দিনগুলি ছাড়াও রেফারেন্স বই সহযোগে প্রচুর পড়াশোনার করার ব্যবস্থা রয়েছে এবং ই- ম্যাগাজিনের সুবিধা।

• আসন সংখ্যা সীমিত
• ভর্তির শেষ তারিখ : ৩১ শে আগস্ট
• ক্লাস শুরু : ১লা সেপ্টেম্বর ২০১৯

কেবলমাত্র শিয়ালদহ কেন্দ্রে

(হেড অফিস)
শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9051040306
9674087465
এই নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

অন্যান্য কেন্দ্রসমূহ

কলকাতা জোন: জানলপ : 9230056673, বারাসাত : 9674087467, ব্যারাকপুর : 9230056668, গড়িয়াহাট : 9230056665, নেতাজীনগর : 9674087860, হাওড়া ময়দান : 9230056677, রানাঘাট : 9674083508, কৃষ্ণনগর : 9674087470, কল্যাণী : 9674087469, ডায়মন্ডহারবার : 9230056662, সোনারপুর : 9674087466

ইস্টার্ন জোন: বর্ধমান : 9674025700, কোন্নগর : 9230056667, বোলপুর : 9674012025, দুর্গাপুর : 9674025500, আসানসোল : 9674087475, ব্যান্ডেল : 9230056669, তারকেশ্বর : 9830277743, কাটোয়া : 9830277230

ওয়েস্টার্ন জোন: পঃ মেদিনীপুর : 9230056671, বাঁকুড়া : 8017491727, পুরুলিয়া : 9830277820, বাগনান : 9674087468, কাঁথি : 9674140376, তমলুক : 8697984951, ঝাড়গ্রাম : 9674087874

নর্দান জোন: শিলিগুড়ি : 9674087473, জলপাইগুড়ি : 9674025600, কালিম্পং : 9830277171, কোচবিহার : 9830277023, মালদা : 9674087472, বালুরঘাট : 9230056676, বহরমপুর : 9674087471, আলিপুরদুয়ার : 9674033336, রায়গঞ্জ : 8017491728, ইসলামপুর : 9830277597, ধুপগুড়ি : 9830277257, দিনহাটা : 9830277698

আগস্ট সেশনে ভর্তির শেষ তারিখ-৩১-৮-২০১৯
প্রতিটি কেন্দ্রে ৫০ জন করে ভর্তি হতে পারবে এই সেশনে। অধিকাংশে কেন্দ্রেই অল্প সংখ্যক সিট আছে। আগে এলে আগে সুযোগ।

ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত খুঁটিনাটি জানতে- 9231036500 ● Toll Free No. 18001230667
Website : www.gsceindia.org George Telegraph • Since 1920

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad